নিজে কর

৩

[দ্বিতীয় শ্রেণীর জন্য মেট্রিক পদ্ধতি অনুসারে অঙ্কের বই]

শ্রীমহেন্দ্রনাথ দত্ত
ও
শ্রীপ্রদ্যোত গুপ্ত

শিশু সাহিত্য সংসদ প্রাইভেট লিমিটেড
ক লি কা তা - ৯

সূচীপত্র

নিজে কর

৩

পুরানো পড়ার কথা

নিচের ছবি দেখ

ঝুড়ির গায়ে দাম লেখা আছে।

প্রথম সারিতে কতগুলি ঝুড়ি আছে? সবগুলির মোট দাম কত?

দ্বিতীয় সারিতে কতগুলি ঝুড়ি আছে। সবগুলির মোট দাম কত?

প্রথম ও দ্বিতীয় সারি মিলিয়ে কতগুলি ঝুড়ি? সবগুলির মোট দাম কত?

উপরের আলমারিতে ৩ সারি বই আছে। নিচের সারিতে ১১টি, মাঝের সারিতে ১২টি এবং উপরের সারিতে ১৪টি বই আছে। আলমারিতে মোট কতগুলি বই আছে ?

ভিতরের টাকার সংখ্যা বাক্সের গায়ে লেখা আছে।
১ম ও ২য় বাক্সের টাকা মিলিয়ে কত টাকা পাবে ?
১ম ও ৩য় বাক্সের টাকা মিলিয়ে কত টাকা পাবে ?
১ম ও ৪র্থ বাক্সের টাকা মিলিয়ে কত টাকা পাবে ?
২য় ও ৩য় বাক্সের টাকা মিলিয়ে কত টাকা পাবে ?
২য় ও ৪র্থ বাক্সের টাকা মিলিয়ে কত টাকা পাবে ?
৩য় ও ৪র্থ বাক্সের টাকা মিলিয়ে কত টাকা পাবে ?
৪টি বাক্সের টাকা মিলিয়ে মোট কত টাকা পাবে ?

গরু দুটোর বিক্রির দাম ধরা হয়েছে মোট ২০০ টাকা। গরু দুটোর দাম সমান। কোন্ গরুর দাম কত হবে, গলার টিকিটে লিখে রাখ।

ঘোড়া আর কুকুরের দাম লেখা আছে।

কোন্‌টার দাম বেশি ? কত বেশি ? কোন্‌টার দাম কম ? কত কম ? দুটোর দাম একত্রে কত হবে ?

উপরের বাক্সে ২০৪ টাকা আছে। মা ঐ টাকা থেকে ৭৫ টাকা নিয়ে যাবেন, কত টাকা থাকবে ?

এক থালা সন্দেশ ও ছয়টি বাটি আছে।

প্রত্যেক বাটিতে ২টা করে রাখলে কতগুলি সন্দেশ লাগবে?
প্রত্যেক বাটিতে ৪টা করে রাখলে কতগুলি সন্দেশ লাগবে?
৪টা বাটিতে ৩টা করে আর ২টা বাটিতে ৬টা করে রাখলে কতগুলি সন্দেশ লাগবে?

এই ঝুড়িতে ১৬টা ডিম আছে। একবার ৪টা আর একবার ৩টা রান্না করতে নিলে ঝুড়িতে কয়টা থাকবে? দুবারে মোট কয়টা ডিম নেওয়া হবে?

থালায় ১৫টা টাকা আছে। ৩টা বাক্স আছে। এই বাক্সগুলির মধ্যে প্রত্যেক বাক্সের সমান সংখ্যক টাকা রাখতে হবে। প্রত্যেক বাক্সে কতগুলি করে টাকা রাখলে থালায় একটাও টাকা থাকবে না?

তোমার ১২টা বল। তোমার দাদার ২০টা বল
মোট কয়টা বল ?
ছাত্রসংখ্যা ৩০
ছাত্রসংখ্যা ২০
মোট ছাত্র-সংখ্যা কত ?
জানুয়ারী
৩১
ফেব্রুয়ারী
২৮
সেপ্টেম্বর
৩০
এই তিন মাসে মোট কত দিন।
১০ কে. জি.
৫ কে. জি.
২০ কে. জি.
সব মিলিয়ে কত কে.জি.?
৫০ টাকা আছে
২০ টাকা নিল
কত থাকবে ?

দাম ১২৫৲টাকা
দাম ২৪০৲টাকা
ঘোড়ার দাম কত বেশি ?
১০ টাকার দাও
টাকায় ৬টা আম
কয়টা আম পাবে ?
আরও ১০ টাকা আছে
প্রত্যেকে ২টাকা করে পেল
মোট কত টাকা ?
৭টি ছেলে, ২১টি লুচি , প্রত্যেকে সমান পাবে
এক এক জনে কয়টা করে পাবে ?
৬২টি আম আছে
(২টায় সমান)
প্রতিঝুড়িতে কয়টা করে আম থাকে ?

৪টা পাখি আছে। কয়টা এলে ১০টা হবে ?	৪+৬ =১০	কয়টা পাখি এল ? …৬…
৭টা বল আছে। কয়টা হারালে ৫টা হবে ?	৭−২ =৫	কয়টা বল হারাল ? …২…
২টা সাজি আছে। কয়টা হলে ৬টা হবে ?	৬=২+৪	কয়টা সাজি চাই ? …৪…
৮টা মার্বেল দরকার। ৬টা আছে, আর কয়টা চাই ?	২+৬ =৮	কয়টা চাই ? …2…
১০টা লাট্টু, কয়টা নিলে ৫টা থাকে ?	১০−৫ =৫	কয়টা নিলে ? …৫…

ভাবছ কেন? –এই সব অঙ্ক আগের বইয়ে করেছ

 একদিকে ৬টা আর একদিকে ৩টা বল আছে। ৬ থেকে ৩ বিয়োগ দাও। একদিকে ২টা আর একদিকে ১টা বল আছে। ২ থেকে ১ বিয়োগ দাও। এবার ২টা সংখ্যা পেলে, বড় সংখ্যা থেকে ছোট সংখ্যা বিয়োগ দাও।	(৬ – ৩) – (২ – ১) = ...২...১... = ...২....
একদিকে ৪টা আর একদিকে ২টা বল আছে। ৪ থেকে ২ বিয়োগ দাও। একদিকে ৩টা আর একদিকে ১টা বল আছে। ৩ থেকে ১ বিয়োগ দাও। এবার ২টা সংখ্যা পেলে, সংখ্যা দুটি যোগ কর।	(৪ – ২) + (৩ – ১) = ..২ + ..২.. = ..৪........

কয়টা ডিম ?	কয়টা ডিম ?	(৪+২)+(৩+২) = ... + ... =
কয়টা ডিম ?	কয়টা ডিম ?	(৭+১)+(৫+২) = ... + ... =
কয়টা ডিম ?	কয়টা ডিম ?	(৮+১)−(৩+২) = ... − ... =

প্রশ্নমালা—এক

১। ...চিহ্নের উপরে যে সংখ্যা বসবে, বসাও

(১) ৪+...=১০	(২) ৭−...=৫	(৩) ৬=২+...
(৪) ...+৬=৮	(৫) ১০−...=৫	(৬) ৬=৯−...
(৭) ৬+...=১১	(৮) ৯−...=৫	(৯) ২=৪−...
(১০) ...+৭=১৩	(১১) ...−৬=৪	(১২) ৮=...+৪
(১৩) ৪+...=৯	(১৪) ...−২=৩	(১৫) ৯=...+২

অঙ্কগুলি কর

২। (১) (৪+২)+(৩+৩)
(২) (৭+১)−(৫+২)
(৩) (৮+১)+(১+২+২)
(৪) (৩+২)−(২+১)
(৫) (১+২+১)+(৪+১)
(৬) (৪+১)−(১+১)
(৭) (৫+৬)+(৩+২)
(৮) (৮+১)−(৭+১)

৩। (১) (৬−৩)−(২−১)
(২) (৪−২)+(৩+১)
(৩) (৪−৪)−(৪−৪)
(৪) (৩−১)+(২−১)
(৫) (৮−২)−(৬−২)
(৬) (৬−২)+(৪−৩)
(৭) (৫−২)−(৪−৩)
(৮) (২−২)+(২−২)

৪। (১) (২×২)×(২×২)
(২) (৮−৪)×(৫−১)
(৩) (৩×১)×(২×১)
(৪) (৯−৩)×(৪−১)
(৫) (৪+২)×(৩+১)
(৬) (৯−১)×(৭−৫)
(৭) (২+১)×(২+১)
(৮) (৮−২)×(৭−৪)

৫। (১) ২+২+২=
(২) ৩+২=
(৩) ২×৩=
(৪) ৩−২=
(৫) ৩+৩+৩+৩=
(৬) ৩×২=
(৭) ৩×৪=
(৮) ৮+৪=
(৯) ৪+৪+৪=
(১০) ৮−৪=
(১১) ৪+৩=
(১২) ৮×৪=
(১৩) ৮+৮+৮+৮=
(১৪) ৯+৩=
(১৫) ৮×৪=
(১৬) ৯−৩=

৬। যোগ চিহ্নের অঙ্কগুলি গুণ চিহ্নে আর গুণ চিহ্নের অঙ্কগুলি যোগ চিহ্নে প্রকাশ কর

[৪+৪+৪+৪+৪=৪×৫] [৬×৩=৬+৬+৬]

(১) ৩+৩+৩+৩+৩= (২) ৩×৬=

(৩) ৬+৬+৬+৬= (৪) ৩×৮=

(৫) ৩+৩+৩= (৬) ২×৭=

(৭) ৫+৫+৫+৫+৫+৫= (৮) ৫×৭=

(৯) ৭+৭+৭+৭+৭= (১০) ৭×৪=

(১১) ৮+৮+৮+৮+৮= (১২) ৮×৬=

(১৩) ৯+৯+৯+৯+৯= (১৪) ৫×৫=

সংখ্যা গঠন

এইগুলি পড়তে পারবে

১০, ২০, ৩০, ৪০, ৫০,

৬০, ৭০, ৮০, ৯০ ,

এগুলি পড়তে পারবে না

০১, ০২, ০৩, ০৪, ০৫,

০৬, ০৭, ০৮, ০৯ ;

বলে দিলে এগুলিও পড়তে পাববে।

শূন্যগুলি কেটে দাও।

মানে ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯,

—এবাব পড়। তাহলে—

সংখ্যার বামে প্রথমে শূন্য বসলে কিছু নয়; সংখ্যার শেষে ডানে বসলে কিছু হয়।

(বাম) (ডান)

[বই সামনে রেখে তোমার ডান হাতের দিকটা সংখ্যার ডান দিক, বাম হাতের দিকটা সংখ্যারও বাম দিক—মনে রেখো।]

মনে রাখবে

সংখ্যার অথবা অঙ্কের ডান দিকে শূন্য বসালে আর একটা সংখ্যা পাবে। এই সংখ্যাটি আগের সংখ্যা থেকে বড় হবে।

সুতরাং

১এর	ডানে	শূন্য	বসালে	হয়	১০	১এর	বামে	শূন্য	বসালে	হয়	০১ = ১
২	,,	,,	,,	,,	২০	২	,,	,,	,,	,,	০২ = ২
৩	,,	,,	,,	,,	৩০	৩	,,	,,	,,	,,	০৩ = ৩
৪	,,	,,	,,	,,	৪০	৪	,,	,,	,,	,,	০৪ = ৪
৫	,,	,,	,,	,,	৫০	৫	,,	,,	,,	,,	০৫ = ৫
৬	,,	,,	,,	,,	৬০	৬	,,	,,	,,	,,	০৬ = ৬
৭	,,	,,	,,	,,	৭০	৭	,,	,,	,,	,,	০৭ = ৭
৮	,,	,,	,,	,,	৮০	৮	,,	,,	,,	,,	০৮ = ৮
	,,	,,	,,	,,	৯০	৯	,,	,,	,,	,,	০৯ = ৯

১০০র বামে শূন্য বসালে এবার পড়তে পারবে, যেমন—০১০০ = ১০০। কিন্তু ১০০র ডানে শূন্য বসালে কি হয় এখনও শেখোনি। ১০০র ডানে শূন্য বসালে হয় ১০০০—এই সংখ্যাকে এক **সহস্র** বা এক **হাজার** বলা হয়।

অঙ্ক ও সংখ্যা কাকে বলে

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ০ এই চিহ্নগুলিকে **অঙ্ক** বলে। যখন এগুলি গুণতে থাকা যায় তখন এদের এক-একটিকে বলে **সংখ্যা**।

১ থেকে ৯ পর্যন্ত হলো **এক অঙ্কের সংখ্যা**।
১০ থেকে ৯৯ পর্যন্ত হলো **দুই অঙ্কের সংখ্যা**।
১০০ থেকে ৯৯৯ পর্যন্ত হলো **তিন অঙ্কের সংখ্যা**।

তাহলে

এক অঙ্কের সংখ্যা লিখতে একটা ঘর লাগে। অঙ্কটা এককের ঘরে বসে। দুই অঙ্কের সংখ্যা লিখতে দুটো ঘর লাগে; একক ও দশক—সংখ্যাটি দুটো ঘর নিয়ে বসে। তিন অঙ্কের সংখ্যা লিখতে তিনটা ঘর লাগে; একক, দশক ও শতকের—তিনটে ঘরে বসে।

এককের ঘর হলো একের ঘব।
দশকের ঘব হলো দুইয়ের ঘর।
শতকের ঘর হলো তিনের ঘর।

অঙ্কের ডান দিকের শেষের ঘর এককের। এককের বাম পাশের ঘর দশকের। দশকের বাম পাশের ঘর শতকের।

শতক (৩)	দশক (২)	একক (১)	
		১	=এক—একঘর
	১	০	=দশ —দুই ঘর
১	০	০	=একশত -তিন ঘর

শতক (৩)	দশক (২)	একক (১)	
		৫	=পাঁচ—একক
	৮	৫	=পঁচাশি—৮ দশক ৫ একক
৪	২	২	=চার শ' বাইশ—৪ শতক ২ দশক ২ একক

শতক কাকে বলে দেখলে, তোমরা শতকের সংখ্যা আগেও চিনে এসেছ।

এবার হাজার ও সহস্র কাকে বলে জেনে নাও।

শতকের বাম পাশের দুটো ঘর হাজারের। শতকের বাম পাশের প্রথম ঘরটার নাম সহস্র। সহস্রের বাম পাশের ঘরের নাম অযুত। সহস্র ও অযুত দুটোই হাজারের ঘর।

১ থেকে ৯ হাজার পর্যন্ত সহস্রের ঘরে লিখতে হয়। ১০ থেকে ৯৯ হাজার পর্যন্ত লিখতে সহস্রের ও অযুতের দুটা ঘর লাগে।

১,৩৭৫ = এক হাজার তিনশত পঁচাত্তর

১০,৩৭৫ = দশ হাজার তিনশত পঁচাত্তর

অযুত	সহস্র	শতক	দশক	একক
	১	৩	৭	৫
১	০	৩	৭	৫

অঙ্ক বসাবার সময় প্রথম বসাবে হাজারের ঘরের অঙ্ক, তারপরে শতকের এবং শেষে দশকের ও এককের। হাজারের সংখ্যা লিখেই ডান দিকে একটি কমা দিয়ে নেবে। হাজারের পর কমা থাকলে শতকের অঙ্ক বুঝতে সহজ হবে।

এক হাজার দুইশত পনর = ১,২১৫

তের হাজার একশত বার = ১৩,১১২

ডানদিকের কোনো ঘরে যদি বসাবার জন্য কোন অঙ্ক না থাকে, তবে সে ঘরে শূন্য বসাতে হয়।

১। এক হাজার পঞ্চাশ = ১,০৫০

১। তের হাজার একশত = ১৩,১০০

৩। পনর হাজার পাঁচশত এক = ১৫,৫০১

৪। পাঁচ হাজার তিন = ৫,০০৩

১নং অঙ্কে হাজারের পরে শতকের ঘরে কোন অঙ্ক নাই, তাই শূন্য বসিয়ে দিতে হলো।

২নং অঙ্কে শতকের পরে কোন অঙ্ক নাই, তাই একক ও দশকের ঘরে শূন্য বসল।

৩নং অঙ্কে দশকের ঘরে কোন অঙ্ক নাই, তাই শূন্য বসেছে।

৪নং অঙ্কে শতক ও দশকের ঘরে অঙ্ক নাই, সেজন্য শূন্য বসেছে।

হা জা র				
অযুত	সহস্র	শতক	দশক	একক
৫ম ঘর	৪র্থ ঘর	৩য় ঘর	২য় ঘর	১ম ঘর

একক থেকে দশকের ঘর, দশক থেকে শতকের ঘর, শতক থেকে সহস্রের ঘর, সহস্র থেকে অযুতের ঘর—এমনি করে বাম দিকে ঘরগুলি বাড়তে বাড়তে যায়।

সহস্র আর অযুত দুটাই হাজারের ঘর।

একটা ঘর থেকে আর একটা ঘর, মানে পাশাপাশি দুটো ঘরের মধ্যে কোন্ ঘরটা থেকে কোন্ ঘর কত বড় তোমাদের জানা দরকার।

হা জা র

অযুত	সহস্র	শতক	দশক	একক
দশ সহস্রে অযুত	দশ শতকে সহস্র	দশ দশকে শতক	দশ এককে দশক	একক
১০০০ × ১০ = ১০,০০০	১০০ × ১০ = ১,০০০	১০ × ১০ = ১০০	১ × ১০ = ১০	১

একক থেকে দশক দশগুণ বড়। দশক থেকে শতক দশগুণ বড়। শতক থেকে সহস্র দশগুণ বড়। সহস্র থেকে অযুত দশগুণ বড়।

নিচের ছকটি ভাল করে দেখ

শতক	দশক	একক	
	। ।	। । । ।	২৪
। ।	। । ।	। ।	২৩২

ছকটির প্রথম সারিতে এককের ঘরে চারটা দাগ, দশকের ঘরে দুটো দাগ। এই দাগ দিয়ে কোন্ ঘরে তোমরা কোন্ অঙ্ক বসাবে, তা বুঝিয়ে দেওয়া হয়েছে। দ্বিতীয় সারিতে শতকের ঘরে দুটো দাগ, দশকের ঘরে তিনটে, এককের ঘরে দুটো দাগ দেওয়া আছে। মানে কোন ঘরে কত বসবে তা বলে দেওয়া হয়েছে।

সংখ্যা দেখে কোন্ ঘরে কোন্ অঙ্ক বসবে, উপরের ছকের মত পরের পৃষ্ঠার ছকটিতে দাগ দিয়ে দেখিয়ে দাও।

<table>
<tr><th>শতক</th><th>দশক</th><th>একক</th><th></th></tr>
<tr><td></td><td>| |</td><td>| | | | |</td><td>২৫</td></tr>
<tr><td></td><td>| |</td><td>| | | |</td><td>২৪</td></tr>
<tr><td></td><td>| | | |</td><td>| | | | | | | |</td><td>৪৮</td></tr>
<tr><td></td><td>| |</td><td>| | | | | | | | |</td><td>২৯</td></tr>
<tr><td>| | |</td><td>| | |</td><td>|</td><td>৩৩১</td></tr>
<tr><td>| | | |</td><td>|</td><td>| | | | |</td><td>৪১৫</td></tr>
<tr><td>| |</td><td>|</td><td>| | | | | | |</td><td>২১৭</td></tr>
</table>

দাগ দেখে কত হবে ডানদিকের ঘরে সংখ্যায় লেখ

<table>
<tr><th>শতক</th><th>দশক</th><th>একক</th><th></th></tr>
<tr><td></td><td></td><td>| | | |</td><td>৪</td></tr>
<tr><td></td><td>|</td><td>| |</td><td>১২</td></tr>
<tr><td></td><td>| | |</td><td>| |</td><td>৩২</td></tr>
<tr><td>| | |</td><td>| | |</td><td>|</td><td>৩৩১</td></tr>
<tr><td>|</td><td>| | | |</td><td>| | |</td><td>১৪৩</td></tr>
<tr><td>| | | | | | | | | |</td><td>| | | | |</td><td>| | | |</td><td>৯৫৪</td></tr>
</table>

এ ছকটা ভাল করে দেখ

শতক	দশক	একক	
	।।		২০
।			১০০
।		।।	১০২
।।	।।		২২০
।।।		।।।।	৩০৪

দশকের ঘরে দুটো দাগ, ডানদিকে এককের ঘরে দাগ নাই। ডানদিকে কোন ঘর খালি থাকে না। কিছু না থাকলে শূন্য বসাতে হয়। তাই ২০ লিখেছি।

শতকের ঘরে একটা দাগ, দশক ও এককে কিছু নাই। তাই শূন্য বসিয়ে দিয়ে ১০০ লিখেছি।

শতকের ঘরে একটা দাগ, দশকের ঘরে দাগ নাই, এককের ঘরে দুটো দাগ। তাই ১০২ হয়েছে।

শতকের ঘরে দুটো দাগ, দশকের ঘরে দুটো দাগ, এককের ঘরে দাগ নাই। তাই ২২০ হয়েছে।

শতকের ঘরে তিনটে দাগ, দশকের ঘরে দাগ নাই, এককের ঘরে চারটে দাগ। তাই ৩০৪ হয়েছে।

সংখ্যা দেখে দাগ বসিয়ে বুঝিয়ে দাও

শতক	দশক	একক	
	ǀ		১০
	ǀǀ		২০
	ǀǀǀǀ		৪০
ǀ			১০০
ǀ		ǀ	১০১
ǀ	ǀǀ		১২০
ǀǀ	ǀǀǀǀǀ	ǀǀǀǀǀ	২৫৫

দাগ দেখে ডানদিকের ঘরে সংখ্যায় লেখ

শতক	দশক	একক	
		ǀǀ	২
	ǀǀǀ		৩০
	ǀǀǀ	ǀǀ	৩২
ǀǀ		ǀǀǀ	২০৩
ǀǀ	ǀǀ		২২০
ǀ		ǀǀǀ	১০৩
ǀǀ	ǀǀǀ	ǀǀǀǀ	২৩৪

দাগ দিয়ে বুঝিয়ে দাও

শতক	দশক	একক	
I I	I I		২২০
			৩২৫
			৪০৭
			১২২
			৪৫৫
			৪৪৩
			৪১০
			২৩০

শতক পর্যন্ত শেখা হয়েছে। এবার হাজারের ঘর শিখতে হবে।

হাজার

অযুত	সহস্র	শতক	দশক	একক	
	I	I I	I I I I	I I I I I	১,৩৪৫
	I I I I I I	I I I I	I I		৬,৪২০
I	I	I I	I I I I	I I	২১,২৪২

শতকের বাম পাশের ঘরের নাম সহস্র, সহস্রের বাম পাশের ঘরের নাম অযুত। সহস্র ও অযুতকে আমরা চলিত কথায় হাজার

বলি। তোমাদের কাছে আগে বলেছি, ১ থেকে ৯ হাজার পর্যন্ত সহস্রের ঘরে বসবে; ১০ থেকে ৯৯ হাজার পর্যন্ত অযুতের ও সহস্রের এই তুটো ঘর মিলিয়ে বসে। হাজার লিখে ডান দিকে কমা দিয়ে নিতে হয়, একথা তোমরা জান। তাহলে পড়তে বা লিখতে ভুল হয় না।

১,৩৪৫ = এক হাজার তিনশত পঁয়তাল্লিশ
৬,৪২০ = ছয় হাজার চারশত কুড়ি
২১,২৪২ = একুশ হাজার তুইশত বিয়াল্লিশ

একুশ হাজার লিখতে অযুতের ঘরে ২ ও সহস্রের ঘরে ১ পড়েছে, কিন্তু বলা হচ্ছে একুশ হাজার।

১ হাজার আর ৬ হাজার তুটোই সহস্রের ঘরে আছে।

দাগ দেখে ডানদিকের ঘরে সংখ্যায় লেখ

<table>
<tr><th>অযুত</th><th>সহস্র</th><th>শতক</th><th>দশক</th><th>একক</th><th></th></tr>
<tr><td></td><td>||</td><td>|</td><td>|||</td><td>||||</td><td>২,১৩৪</td></tr>
<tr><td>|||</td><td>|</td><td>||</td><td>|</td><td>|</td><td>৩১২১১</td></tr>
<tr><td></td><td>|||</td><td>|</td><td>|</td><td>||||</td><td>৩১১৪</td></tr>
<tr><td>|</td><td>||| |</td><td>||||</td><td>|||</td><td>||</td><td>১৪৪৩২</td></tr>
<tr><td></td><td>|||||||</td><td>||</td><td></td><td>|</td><td>৭২০১</td></tr>
</table>

সংখ্যা দেখে দাগ বুঝিয়ে দাও

অযুত	সহস্র	শতক	দশক	একক	
	।	।।।।	।।।।		১,৪৪০
					২,০৪০
					১৩,৪০৪
					৫,৬১৪
					২৩,২০৪
					৩৬,০০০

দাগ দেখে সংখ্যায় লেখ এবং সংখ্যা দেখে দাগ বসাও

অযুত	সহস্র	শতক	দশক	একক	
।	।।	।।।	।	।।	১২,৩১২
।		।।	।।		
।	।।	।।।	।।	।।।	
।			।।	।	
					১২,২২৪
					২,৩৩৫
					১০,৪১২

১০০ থেকে ৯০০ পর্যন্ত শতকিয়া লিখে নিয়ে শিখে রাখ

মনে রাখবে

৯৯ এর পরে ১০০
১৯৯ এর পরে ২০০
২৯৯ এর পরে ৩০০
৩৯৯ এর পরে ৪০০
৪৯৯ এর পরে ৫০০
৫৯৯ এর পরে ৬০০
৬৯৯ এর পরে ৭০০
৭৯৯ এর পরে ৮০০
৮৯৯ এর পরে ৯০০
৯৯৯ এর পরে ১০০০

১ অঙ্কের সব চেয়ে ছোট সংখ্যা— ১ ; সব চেয়ে বড় সংখ্যা— ৯
২ অঙ্কের সব চেয়ে ছোট সংখ্যা— ১০ ; সব চেয়ে বড সংখ্যা— ৯৯
৩ অঙ্কের সব চেয়ে ছোট সংখ্যা—১০০ ; সব চেয়ে বড় সংখ্যা—৯৯৯

মুখে মুখে উত্তর বলবে

একের ডানে একটা শূন্য বসালে কি হবে? দশের ডানে একটা শূন্য বসালে কি হবে? একের ডানে দুটো শূন্য বসালে কি হবে? একশতের ডানে কোন শূন্য না বসালে কি হবে? নয়ের ডানে দুটো শূন্য বসালে কি হবে? একশতর ডানে দুটা শূন্য বসালে কি হবে?

একশত থেকে ডানদিকের শেষ শূন্যটা মুছে দিলে কি হয়? একশত থেকে দুটো শূন্য মুছে দিলে কি হয়? একশতর ডানে একটা শূন্য বসালে কি হয়? দশের ডানে দুটো শূন্য দিলে কি হয়?

একেব ডানে তিনটি শূন্য দিলে কি হয়? এক হাজার থেকে ডানেব দুটো শূন্য মুছে দিলে কি থাকে? এক হাজার থেকে ডানের শেষে শূন্যটা মুছে দিলে কি থাকে? এক হাজার থেকে তিনটা শূন্য মুছে দিলে কি থাকে?

প্রশ্নমালা—দুই

১। সংখ্যায় লেখ

ত্রিশটি বই। তিনশত বার পৃষ্ঠা। নয়শত নিবানব্বইটি কাপড়। একশত উনপঞ্চাশটি পাতা। তিনশত টাকা। একশত একটি ফুল। একশত দশটি বই। একহাজাব একশত তেরটি পাখি। দশ হাজার তিনশত আটটি গরু। ছাব্বিশ হাজার নয়শত নিবানব্বইটি বল।

২। কথায় লেখ

১১টি গরু। ৯১৯টি গাড়ি। ৪৭০টি পেয়ালা। ১০১টি ঘোড়া। ১,৫১৩টি বই। ১২,৫১৫ জন সৈন্য। ১১,৫০১টি গাছ। ২১,০২২টি টাকা। ১২,০০০ জন লোক। ১৪,০০২টি কলম। ২৭,১০২টি কলা।

৩। নিচের সংখ্যাগুলির মধ্যে কোন্ অঙ্ক দশকের ঘরে আছে ?

২০; ৮; ৫৫ ; ১২৪ ; ৩৩৮; ৬; ৫৪৫ ; ৮০৯; ৩৭০

৪। কোন্ অঙ্ক শতকের ঘরে আছে ?

৭৫ ; ৩৫৭৪ ; ২০০ ; ৬৭৪ ; ৮০ ; ৯৯ ; ৭০৪

৫। কোন্ অঙ্ক এককের ঘরে আছে ?

৮৭৫ ; ৭০৩ ; ৮ ; ৯ ; ১ ; ২৫ ; ৭৮১ ; ১১২ ; ৭৬০

৬। কোন্ অঙ্ক হাজারের ঘরে আছে ?

৭,৫১৩ ; ১২,৬১৩ ; ১৮,৯৯৯ ; ২১০ ; ৮,৫৩০

৭। শতক ও হাজারের অঙ্ক কোন্‌গুলি ?

৭.৫৩০ ; ১৮,৭১৩; ২১,৬৮৮; ৯,১২০; ৭,২৪৬

৮। একক ও দশকের অঙ্ক কোন্‌গুলি ?

২৫ ; ৩৭৪ ; ৮,৭১২ ; ৯০৭ ; ২১৫ ; ৭১৩ ; ৮,৭০২

কি করে অঙ্ক সাজাতে হয় দেখ

অযুত	সহস্র	শতক	দশক	একক		
				৫	=	৫
			৪	৫	=	৪৫
		৩	০	১	=	৩০১
	১	৩	১	২	=	১,৩১২
২	৮	৫	০	৪	=	২৮,৫০৪

বসাবার নিয়ম

এককের নিচে একক, দশকের নিচে দশক, শতকের নিচে শতক, সহস্রের নিচে সহস্র ও অযুতের নিচে অযুত বসাতে হয়।

এককের ঘর ঠিক থাকলেই বামদিকের ঘরগুলি পর পর ঠিক থাকে।

১১,০১৫ ; ১,৬০২ ; ৫৭৬ ; ৪৫ ; ৮

```
১ ১ ০ ১ ৫
  ১ ৬ ০ ২
    ৫ ৭ ৬
      ৪ ৫
        ৮
```

প্রশ্নমালা—তিন

১। **উপর-নিচ করে সাজিয়ে দাও**

(১) ৮ ; ১৩ ; ২৪ ; (২) ১ ; ১১ ; ১১০ ; (৩) ২৭০ ; ১৫ ; ৪২০ । (৪) ২৫ ; ২৬ ; ৮ । (৫) ৩০০ ; ১১৫ ; ৪৭ । (৬) ৮০৮ ; ৪৫ ; ৮ ; (৭) ১,১৫০ ; ৭৫ ; ৩৪০ ; ৮ । (৮) ৮,৫৭০ ; ৩,৬৮০ ; ৪,৮৭৫ । (৯) ৮,৯৯০ ; ৯৯০ ; ৪৫ ; ৮ । (১০) ১১,৮২৫ ; ৭,২০৩ ; ৮৫০ ; ৪৫ ।

সাধারণ যোগ (+)

যোগ অঙ্ক করবার সময় হাতেব অঙ্ক নামাতে, মানে বামের ঘরের সঙ্গে যোগ দিতে তোমরা প্রায়ই ভুল কর। এ ভুল না করেও কিভাবে অঙ্ক করা যায় দেখ।

৭৩৪ + ২৫৩ + ২৪৫

```
  ১ ১
  ৭ ৩ ৪
  ২ ৫ ৩
  ২ ৪ ৫
১ ২ ৩ ২
```

অঙ্কটা সাজিয়ে নিয়ে নিচে দাগ টানবার সঙ্গে মাথাতেও একটা দাগ টান। হাতে যা থাকবে বাম পাশের ঘরেব দাগের উপরে সেটা বসিয়ে রাখ। তারপর এবার সবগুলো যোগ করবে। উপরের অঙ্কটা ভাল করে দেখ, তাহলেই বুঝতে পারবে।

মনে রাখবে, কোন সংখ্যার সঙ্গে শূন্য যোগ করতে হলে উত্তব সেই সংখ্যাই হবে।

৩০এর সঙ্গে শূন্য যোগ ... লে উত্তব ৩০ই হবে। ৮এর সঙ্গে শূন্য যোগ হলে ৮ই ...

...দের শ্রেণীতে।

মুখে মুখে ৯ ৪০ জন ছাত্র থা...

২০ ৮) একটা বাগানে ১৫... কয়টা হলো ?

...া জামগাছ, ১৭টা ক... ...ার রসগোল্লা কিনতে কত টাকার

ঐ বাগানে মোট কতগুলি গা...

তোমাদের ক্লাশে প্রথমে ১০ জন ও পরে ৫ জন ছাত্র ভর্তি হলে, মোট কতজন ছাত্র ভর্তি হলো ?

তোমার বয়স ৮ বৎসর, তোমার দাদার বয়স ১০ বৎসর, দু'জনের মিলিয়ে কত বৎসর ?

একটা গাছে প্রথম ডালে ১২টা, দ্বিতীয় ডালে ৫টা, তৃতীয় ডালে ৪টি পাখি বসলে, মোট কতগুলি পাখি হলো ?

প্রশ্নমালা—চার

১। যোগ কর

(১) ২৫ ২৪	(২) ৮১ ৯১	(৩) ৭৮ ২১	(৪) ৭৯ ১৯
(৫) ২৩ ২৪ ৮	(৬) ৪৫ ৭৬ ১২	(৭) ৩০৮ ২৫ ৮	(৮) ৭১৮ ২৬ ২৭
(৯) ২৫৬ ১৭৮ ২৫৬	(১০) ২৬১ ৩১৪ ৫৬১	(১১) ৮৩৪১ ৬৭০১ ৪৫৬১	(১২) ৭৩৪৩ ১২০৪ ১৬০৭
(১৩) ২৬৫ ৭১৩ ৪৪৬ ৭৮	(১৪) ৪৬৭ ১[illegible] ২০[illegible]	(১৫) ৪৬০৭ ২০১ [illegible]১১ ০	(১৬) ২৮৫৬ ৯৭৮১ ৩০৪ ২৫
(১৭) ৮৮১৩ ৪৫৬৭ ১৮০৫ ৭৮১৩	(১৮) ৩৪০২ [illegible]৫ [illegible]	[illegible]	(২০) ৭৮১২ [illegible]২৩৪ ৭৩২১

২। **উপর-নিচ করে সাজিয়ে নিয়ে যোগ কর**

(১) ৮+৬+৭+৮ (২) ৩০+২১+২২+১

(৩) ৩+২৫+৪+২২ (৪) ২২+১৮০+৫+২৭০

(৫) ২৮০+২৫১+৩২+৫ (৬) ৫৬৭+২৫০+৮৯৭০+২৫

(৭) ৬৭০+২৮৫১+৩৫৮০

(৮) ৯৯৯+৮৮৭০+৫৩০+৩৫+৫

৩। **সংখ্যায় লিখে নিয়ে যোগ কর**

(১) তিনশত বাইশ+আটশত আট+নয়শত নিরানব্বুই।

(২) আট হাজার পাঁচশত+নয় হাজার নয়শত+তিনশত।

(৩) বার হাজার একশত তের+আট হাজার পাঁচশত পাঁচ।

(৪) তেত্রিশ+চারশত আঠাশ+নয়শত নিরানব্বুই+একশত।

(৫) নয়+উনিশ+উনত্রিশ+উনচল্লিশ+উনপঞ্চাশ।

৪। **অঙ্কগুলি কর**

(১) তিনটি থালার একটিতে ৪০টা, একটিতে ৩৫টা এবং অপরটিতে ১৩টা সন্দেশ আছে। তিনটি থালায় মোট কতগুলি সন্দেশ আছে?

(২) তোমার থেকে তোমার দাদার ১০ টাকা বেশী আছে। তোমার ১২০ টাকা আছে। তোমার দাদার কত টাকা আছে?

(৩) তোমাদের শ্রেণীতে ২৫ জন, উপরের শ্রেণীতে ৫০ জন, নিচের শ্রেণীতে ৪০ জন ছাত্র থাকলে, মোট কতজন ছাত্র হলো?

(৪) একটা বাগানে ২৫টা আমগাছ, ৩২০টা সুপারি গাছ, ১৫টা জামগাছ, ১৭টা কলাগাছ, ১৫০টা নারিকেল গাছ আছে। ঐ বাগানে মোট কতগুলি গাছ আছে?

সাধারণ বিয়োগ (–)

তিনটে বিড়ালেব একটা চলে গেল অর্থাৎ বাদ হয়ে গেল।

বাদ দেওয়াকে বিয়োগ বলে। দুটো সংখ্যাব মধ্যে বিয়োগ হয়। কোনো সংখ্যা থেকে শূন্য বিয়োগ হলে, উত্তব সে সংখ্যাই হবে। যেমন আট থেকে শূন্য গেলে উত্তব হয় আট। বিয়োগেব সময়ে সংখ্যা দুটিব বড়টি উপরে আব ছোটটি নিচে বসে।

৪৬২ – ৩৪০

```
 ৪ ৬ ২
 ৩ ৪ ০
 ─────
```

সংখ্যাব কোনো ঘবেব উপবেব অঙ্ক বড় না থাকলে, বড় করে নেওয়ার নিয়ম আছে।

```
 ৫ ২ ০
 ১ ৪ ১
 ─────
```

উপরের অঙ্কে এককেব ঘরটা দেখ। উপরে ০ নিচে ১। ০ থেকে ১ বড়। দশকেব ঘর দেখ, সেখানেও উপরে ছোট নিচে বড় অঙ্ক। তাহলে এককের আর দশকের ঘরে উপরের অঙ্ক দুটোকে বড় করে নিতে হবে।

উপরে ছোট অঙ্ক যদি

০ হয়—১০ ধরবে (১০ + ০ = ১০)
১ হয়—১১ ধরবে (১০ + ১ = ১১)
২ হয়—১২ ধরবে (১০ + ২ = ১২)
৩ হয়—১৩ ধরবে (১০ + ৩ = ১৩)
৪ হয়—১৪ ধরবে (১০ + ৪ = ১৪)
৫ হয়—১৫ ধরবে (১০ + ৫ = ১৫)
৬ হয়—১৬ ধরবে (১০ + ৬ = ১৬)
৭ হয়—১৭ ধরবে (১০ + ৭ = ১৭)
৮ হয়—১৮ ধরবে (১০ + ৮ = ১৮)

০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ এই অঙ্কগুলির বাম দিকে ১ বসালেই ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮ এই সংখ্যাগুলি পাবে।

এই যে ১ এনে বসিয়ে বড় করে নিলে এই ১ নিয়ে এখন কি করবে ?

এই ১ বাম পাশের ঘরের নিচের অঙ্কের সঙ্গে যোগ করতে হয়।

অঙ্ক দুটো দেখ

১। ৪ ৬ ২   ২। ৫ ২ ০
      ৩ ৪ ০   ১ ৪ ১

      ১ ২ ২   ৩ ৭ ৯

১নং অঙ্কের উপরের সব সংখ্যাগুলিই বড়। তাই উপরের সংখ্যা থেকে নিচের সংখ্যা কমিয়ে দিলেই অঙ্ক হয়ে যাবে।

এককের ঘর দেখ। উপরে ২ নিচে ০। ২ থেকে ০ কমালে ২ থাকবে। দশকের ঘরে উপরের সংখ্যা ৬, নিচের সংখ্যা ৪। ৬ থেকে ৪ কমালে ১ থাকে। শতকের ঘরের উপরের সংখ্যা ৪, নিচের সংখ্যা ৩। ৪ থেকে ৩ কমালে ১ থাকে। সুতরাং বিয়োগফল হলো ১২২।

২নং অঙ্কে এককের ঘরে উপরে শূন্য স্থানে ১০ ধরেছি। ১০ থেকে ১ গেলে ৯ থাকে। যে ১ নিয়ে ১০ করেছি সে ১ ফিরিয়ে এনে দশকের ঘরে নিচে ৪ এর সঙ্গে যোগ দিয়ে (৪+১)=৫ করে নিলাম। উপরে ২ কে ১২ ধরলাম। ১২ থেকে ৫ কমিয়ে দিলে ৭ থাকে। যে ১ বসিয়ে ২ কে ১২ করেছি সে ১ শতকের ঘরে নিচের সংখ্যা ১ এর সঙ্গে যোগ করে (১+১)=২ পেলাম। উপরে বড় সংখ্যা আছে। ৫ থেকে ২ গেলে ৩ থাকে। সুতরাং বিয়োগফল হলো ৩৭৯।

মুখে মুখে উত্তর দেবে

১০ থেকে ৫ গেলে কত থাকে?

৩০টা বেলুন থেকে ২০টা বেলুন ফেটে গেলে কয়টা ভাল বেলুন থাকবে?

১৬ টাকা থেকে ৮ টাকা খরচ হলে কত টাকা থাকবে?

দুই অঙ্কের সবচেয়ে বড় সংখ্যা আর ছোট সংখ্যা কত?

এক ভদ্রলোকের ১২ টাকা থেকে ১০ টাকা হারিয়ে গেল। তাঁর কাছে কত টাকা রইল?

৫টা ফুল তুলে নিলে
কয়টা ফুল থাকবে ?
৩০টা বেলুনের
১০টা ফেটে গেলে
কয়টা থাকবে ?
১৬ টাকা থেকে
৮ টাকা নিলে
কত থাকবে ?
দুই অঙ্কের সবচেয়ে
বড় আর সবচেয়ে
ছোট অঙ্ক কি কি ?
ভদ্রলোকের ১২ টাকা থেকে
১০ টাকা হারিয়ে গেছে।
কয় টাকা আছে ?

প্রশ্নমালা—পাঁচ

১। বিয়োগ কর

(১)	৮ ৫	(২)	৯ ৪	(৩)	৪৮ ২৩	(৪)	১৪ [illegible]
(৫)	১৫ ১১	(৬)	৬২ ১৩	(৭)	২৮ ১৫	(৮)	[illegible] ২
(৯)	৭৩২ ১২১	(১০)	৮৫৩ ১৪১	(১১)	৪৬৭ ১২৩	(১২)	৮৯৮ ১১১
(১৩)	৯০ ১৮	(১৪)	৬৫ ১৯	(১৫)	৭৮ ৩৯	(১৬)	৭৮ ৫৯
(১৭)	৮১০ ১৩	(১৮)	৫৬৭ ৮৯	(১৯)	৯৬১ ০৮	(২০)	৬০২ ৩২
(২১)	১২৫ ৯৮	(২২)	৬৪১ ৩৪৫	(২৩)	৭৮৯ ৬৯৮	(২৪)	৮১০ ১০৮
(২৫)	২২০ ১০৮	(২৬)	৭৭০১ ৬০১	(২৭)	১২৫১ ১০২৭	(২৮)	২৩১৪ ১১৭১

২। সাজিয়ে নিয়ে বিয়োগ কর

(১) ২৫ − ৩　　(২) ২৮ − ৪　　(৩) ২৫ − ৭

(৪) ৩০ − ৮　　(৫) ১১ − ৪　　(৬) ২০ − ১০

(৭) ৪৫ − ১৭　　(৮) ৫৭ − ৩৫　　(৯) ৮০ − ১৮

(১০) ৯০ − ২০　　(১১) ২৭৭ − ৩৫　　(১২) ২৮৮ − ২

(১৩) ৯৩৭ − ১২　　(১৪) ৮২৫ − ৭৩২　　(১৫) ৪৬৪ − ৪৬১

৩। **অঙ্কগুলি কর**

(১) তোমার ৭৭৫টা বই আছে, তা থেকে ৩১৫টা দিয়ে দিলে তোমার কয়টা বই থাকবে ?

(২) পরীক্ষায় তুমি মোট ৩৫০ নম্বর পেয়েছ। তোমার দাদা পেয়েছে ৪১২। তোমার দাদা কত বেশি পেয়েছে ?

(৩) তোমার কাছে ৩০০ টাকা আছে। তা থেকে প্রথমে ১০০ টাকা পরে ৫০ টাকা খরচ হলে তোমার কাছে কত থাকবে ?

(৪) তোমার দাদার বয়স ২৫ বৎসর, তোমার বয়স ১২, তোমার দাদা তোমার থেকে কত বছরের বড় ?

(৫) একজন লোকের মাসিক আয় ২৫০ টাকা, ব্যয় ২০০ টাকা। প্রতি মাসে তার কত টাকা বাঁচে ?

(৬) তিন অঙ্কের সব চেয়ে বড় সংখ্যা ও ছোট সংখ্যার বিয়োগ-ফল কত ?

(৭) দুটো সংখ্যার যোগফল ১৬০; একটি ৬০ হলে অপরটি কত ?

(৮) তোমার কাছে ৭২৫ টাকা আছে; আরো কত টাকা পেলে ৮০০ টাকা হবে ?

(৯) কোন্ সংখ্যার সঙ্গে ৪০ যোগ করলে যোগফল ৬০ হবে ?

(১০) একজন লোকের ৮৭০ টাকা ছিল। প্রথমবার ১০০, দ্বিতীয়বার ২৫০ ও পরে ৭০ টাকা খরচ হলে কত টাকা থাকবে ?

সংখ্যা সংযোজন

অথবা

সরল অঙ্ক

যদি সরল অঙ্কে শুধু যোগ ও বিয়োগ চিহ্ন থাকে, তাহলে যোগ চিহ্নের অঙ্কগুলি একদিকে ও বিয়োগ চিহ্নের অঙ্কগুলি অন্যদিকে লিখে নেবে। তারপর যোগ চিহ্নের অঙ্কগুলি যোগ করে যে ফল পাবে তার সঙ্গে বিয়োগ চিহ্নের অঙ্কগুলি যোগ করে যে ফল পাবে, তা বিয়োগ করে দিলেই অঙ্কের উত্তর পাবে। যোগ ও বিয়োগের মাত্র দুটো দল হবে। যোগের একদল, বিয়োগের আর একদল।

অঙ্কের আগে চিহ্ন দেখে ঠিক করতে হয়, অঙ্কটি কোন্ দলের। যার আগে কোনো চিহ্ন থাকবে না তাকে যোগের দলের মনে করতে হবে। বন্ধনী দিয়ে দলগুলিকে আলদা করে নেবে।

এইভাবে অঙ্ক করাকে বলে সরল কবা।

নিচের অঙ্কগুলি দেখ

১। ৪ + ৫ − ৬ + ৭ − ৪

যোগের দল— ৪, ৫, ৭

বিয়োগের দল-- ৬, ৪

অঙ্কটা এভাবে লিখতে হবে—

৪ + ৫ − ৬ + ৭ − ৪

= (৪ + ৫ + ৭) − (৬ + ৪)

= ১৬ − ১০ = ৬ (উত্তর)

২। ৯ − ৮ + ৩ − ২ + ৬ − ২ + ১০
= (৯ + ৩ + ৬ + ১০) − (৮ + ২ + ২)
= ২৮ − ১২ = ১৬ (উত্তর)

মুখে মুখে উত্তর দাও

৫ + ৫ − ১, ৩ − ১ + ১, ৪ + ৪ − ২, ৫ + ৩ − ১
৩ + ১ − ১ + ২, ৬ + ৭ − ২, ৩ − ১ + ২
২ − ১ + ২ + ১, ৫ + ৭ − ৬ − ৪

প্রশ্নমালা—ছয়

১। নিচের অঙ্কে যোগের আর বিয়োগের দল পৃথক করে দেখিয়ে দাও

(১) ১১ − ৭ + ৫ + ৩ (২) ২৫ + ১০ − ৫ − ৫ + ২
(৩) ১ − ৩ + ৪ + ৪ − ৫ + ৬ (৪) ৩ + ৫ − ৬ + ৮ − ৪
(৫) ১২ − ১ − ১ − ১ + ৫ (৬) ১০ + ২২ + ১৩ − ৪ − ৫
(৭) ৯ − ৫ − ৪ + ২ (৮) ১৩ + ৭ − ২৫ − ৩ + ৬০

২। সরল কর

(১) ১ + ২ + ৩ − ৪ + ৪ (২) ৪ − ২ − ২ + ৪ + ৪
(৩) ২২ − ৩ − ৩ − ৫ (৪) ৭ − ৫ + ২ + ২ − ৪
(৫) ৮ − ৮ + ২ − ২ (৬) ৩২ − ২১ + ১২ − ১৩
(৭) ৪৬ + ৪৭ − ৫ − ৬ − ৭ + ৫ (৮) ৩০ + ১৫ − ১৫ + ২০
(৯) ৯৯ − ২২ − ৮ − ৩ − ২ (১০) ৭০ − ১০ − ৮ − ৩ + ৪
(১১) ২০ + ১০ + ৩০ + ৪০ (১২) ৮১ − ৮১ + ৩০ − ৩০

৩। অঙ্কগুলি লেখ ও কর

(১) তোমার হাতে ৪৮ টাকা আছে, সে টাকা থেকে প্রথমে ৪০ টাকা পরে ৮ টাকা খরচ করলে, তোমার কাছে কত টাকা থাকবে ?

(২) একজন লোক প্রথমে ৫০ টাকা পেল। তারপর পেল ৩০ টাকা। সে টাকা থেকে সে প্রথমে খরচ করল ২৭ টাকা, পরে খরচ করল ১৫ টাকা। তার কাছে কত টাকা রইল ?

(৩) তোমাদের শ্রেণীতে প্রথমে ৪০ জন ভর্তি হলো। তার থেকে একবাব ২০ জন আর একবার ৫ জন চলে গেল। আবার ৩০ জন ভর্তি হলো। তার থেকে একবার ১০ জন, একবার ৫ জন চলে গেলে শ্রেণীতে কতজন ছাত্র বইল ?

(৪) তোমার বাবা তোমাকে ৩০টা আম দিলেন। তোমার মা দিলেন ২০টা আম। তোমার ছোট ভাই তা থেকে ২৫টা আম নিয়ে গেল। তোমার দিদি তোমাকে তখন ২০টা আম দিলেন। তোমার কাছে কত আম রইল ?

(৫) একজন লোকের ৩২০টা গরু ছিল। সে ২০টি গরু বিক্রি করে দিয়ে আবার ৫০টা গরু কিনে আনল। তার কতগুলি গরু হলো ?

(৬) তোমার মা ১৬০ টাকা নিয়ে তোমাদের পূজোর জামা-কাপড় কিনতে গেলেন। ৮২ টাকার জামা ৭৩ টাকার কাপড় কিনে যে টাকা বাকি থাকল, তা দিয়ে তোমাদের জন্য খেলনা কিনলেন। কত টাকার খেলনা কিনেছিলেন ?

সাধারণ গুণন (×)

বার বার যোগ না করে, সংক্ষেপে তাড়াতাড়ি যে নিয়মে অঙ্ক করা যায় তাকে গুণ, গুণন বা পুরণ অঙ্ক বলে।

এখানে চারটা ঘর আছে। প্রতি ঘরে পাঁচটা করে বল আছে। মোট কতগুলি বল আছে যোগ করে করতে হলে, তোমাকে চার বা পাঁচ লিখে যোগ করতে হবে।

```
  ৫
+ ৫
+ ৫
+ ৫
----
২ ০
```

এ অঙ্কটাকে অন্যভাবেও করা যায়। আর সেভাবে করাটা সহজ।

ঘর আছে—৪, প্রত্যেক ঘরে বল আছে—৫

৪ × ৫ = ২০ (চার পাঁচে কুড়ি)

এ রকম করে অঙ্ক করার নাম গুণ। গুণ করতে নামতা লাগে

২১১ × ১২

```
  ২ ১ ১
    ১ ২
  ৪ ২ ২
২ ১ ১×
২ ৫ ৩ ২
```

নিচের একক অঙ্ক দিয়ে উপরের একক অঙ্ককে প্রথমে গুণ করে নিতে হয়। তারপর উপরের দশক অঙ্ককে গুণ করবে। এমনি করে উপরে ডানদিক থেকে বামদিকে পর পর সব অঙ্কগুলি নিচের একক অঙ্ক দিয়ে গুণ করে নামাতে হয়।

এককের অঙ্কের কাজ হয়ে গেলে দশক অঙ্ক দিয়ে গুণের কাজ আরম্ভ করবার সময় একক অঙ্কের গুণফল থেকে এককের ঘর বাদ দিয়ে দশকের ঘর থেকে অঙ্ক বসাতে হয়। তারপর একক আর দশক অঙ্কের গুণফলকে যোগ করে দিতে হয়।

মনে রাখবে, নিচের সব অঙ্ক দিয়ে উপরের সব কয়টি অঙ্ককে গুণ করে নিতে হবে। উপরের এককের ঘর থেকে সুরু করবে। নিচের একক অঙ্ক দিয়ে প্রথম গুণ আরম্ভ হবে। শূন্যকে যে কোন অঙ্ক দিয়ে গুণ করলে বা কোন অঙ্কের সঙ্গে শূন্য গুণ করলে উত্তর শূন্য হবে।

যাকে গুণ করবে সে হবে **গুণ্য**।

যা দিয়ে গুণ করবে সে হবে **গুণক**।

গুণ করে যে সংখ্যাটি পাবে তাকে বলে **গুণফল**।

১০, ১০০, ১০০০—এই সব সংখ্যা দিয়ে গুণ করা খুব সহজ। ১০ দিয়ে কোনো সংখ্যাকে গুণ করতে হলে সেই সংখ্যার ডান দিকে একটা শূন্য, ১০০ দিয়ে হলে দুটো শূন্য, ১০০০ দিয়ে হলে তিনটি শূন্য বসিয়ে নিতে হয়।

মানে গুণকের শূন্য সংখ্যা গুণ্যের ডান দিকে বসিয়ে দিতে হয়।

২৪০ × ১০ = ২৪০০

৮৭৫ × ১০০ = ৮৭৫০০

৯৯২ × ১০০০ = ৯৯২০০০

১ম ঘরের নামতা

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২	৪	৬	৮	১০	১২	১৪	১৬	১৮	২০
৩	৬	৯	১২	১৫	১৮	২১	২৪	২৭	৩০
৪	৮	১২	১৬	২০	২৪	২৮	৩২	৩৬	৪০
৫	১০	১৫	২০	২৫	৩০	৩৫	৪০	৪৫	৫০
৬	১২	১৮	২৪	৩০	৩৬	৪২	৪৮	৫৪	৬০
৭	১৪	২১	২৮	৩৫	৪২	৪৯	৫৬	৬৩	৭০
৮	১৬	২৪	৩২	৪০	৪৮	৫৬	৬৪	৭২	৮০
৯	১৮	২৭	৩৬	৪৫	৫৪	৬৩	৭২	৮১	৯০
১০	২০	৩০	৪০	৫০	৬০	৭০	৮০	৯০	১০০

২য় ঘরের নামতা

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১১	২২	৩৩	৪৪	৫৫	৬৬	৭৭	৮৮	৯৯	১১০
১২	২৪	৩৬	৪৮	৬০	৭২	৮৪	৯৬	১০৮	১২০
১৩	২৬	৩৯	৫২	৬৫	৭৮	৯১	১০৪	১১৭	১৩০
১৪	২৮	৪২	৫৬	৭০	৮৪	৯৮	১১২	১২৬	১৪০
১৫	৩০	৪৫	৬০	৭৫	৯০	১০৫	১২০	১৩৫	১৫০
১৬	৩২	৪৮	৬৪	৮০	৯৬	১১২	১২৮	১৪৪	১৬০
১৭	৩৪	৫১	৬৮	৮৫	১০২	১১৯	১৩৬	১৫৩	১৭০
১৮	৩৬	৫৪	৭২	৯০	১০৮	১২৬	১৪৪	১৬২	১৮০
১৯	৩৮	৫৭	৭৬	৯৫	১১৪	১৩৩	১৫২	১৭১	১৯০
২০	৪০	৬০	৮০	১০০	১২০	১৪০	১৬০	১৮০	২০০

মুখে মুখে উত্তর দাও

তিনের চার গুণ কত? ৩ × ৪ = ১২

দুই আর দুইয়ে কত? ৪ তার ছয় গুণ কত? ৪ × ৬ = ২৪

সাতকে চার বার যোগ করলে কত হয়? ৪ × ৭ = ২৮

সাতকে চার দিয়ে গুণ করলে কত হয়? ৪ × ৭ = ২৮

আটটা বাটির প্রত্যেক বাটিতে দু' টাকা করে রাখলে, কত টাকা লাগবে? ৮ × ২ = ১১

চারকে দশ গুণ করে, চার যোগ দাও।

একটা গরুর চারটে পা, দশটা গরুর কতগুলি পা?

চার বার দু' টাকা করে পেলে কত টাকা পেলে?

৩ এর ৪ গুণ কত ?

১ আর ২ কত ? তার ৬ গুণ কত ?

৩। ৭ কে ৪ বার যোগ করলে কত হয় ?

৪। ৭ কে ৪ দিয়া গুণ করলে কত হয় ?

৫। ৮ টা কৌটায় ২ টাকা করে রাখলে কত টাকা লাগবে ?

৬। ৪ কে ১০ দিয়ে গুণ করে ৪ যোগ দাও।

৭। ১ টা গোরুর ৪ টা পা, ১০ টা গোরুর কতগুলি পা ?

৮। ৪ বার ২ টাকা করে পেলে কত টাকা পেলে ?

মাস্টারমশাই প্রত্যেক ছেলেকে ১ টি করে প্রশ্ন করবেন ১ম ছেলে ১ প্রশ্নের উত্তর দেবে। উত্তর ছবিতে দেওয়া আছে।

প্রশ্নমালা—সাত

১। **নিচের গুণ অঙ্কগুলি কর। গুণফলগুলি নামতা ছাড়া আর কিছু নয়। গুণ করে ২১ থেকে ২৫ ঘরের নামতা পাবে।**

(১)

২১	২১	২১	২১	২১
১	২	৩	৪	৫

২১	২১	২১	২১	২১
৬	৭	৮	৯	১০

(২)

২২	২২	২২	২২	২২
১	২	৩	৪	৫

২২	২২	২২	২২	২২
৬	৭	৮	৯	১০

(৩)

২৩	২৩	২৩	২৩	২৩
১	২	৩	৪	৫

২৩	২৩	২৩	২৩	২৩
৬	৭	৮	৯	১০

(৪)

২৪	২৪	২৪	২৪	২৪
১	২	৩	৪	৫

২৪	২৪	২৪	২৪	২৪
৬	৭	৮	৯	১০

২৫	২৫	২৫	২৫	২৫
১	২	৩	৪	৫

২৫	২৫	২৫	২৫	২৫
৬	৭	৮	৯	১০

২। গুণ কর

(১) ৮৮	(২) ৯৪	(৩) ৯৯	(৪) ৮৮	(৫) ২১০
৬	৭	৮	৯	২

(৬) ১২৪	(৭) ২৬১	(৮) ২৪১	(৯) ২১২	(১০) ১৩০
৩	৪	৫	১২	১৩

(১১) ৫৬১	(১২) ৭০৪	(১৩) ৩৪১	(১৪) ৬৭৮	(১৫) ২৫১
২৫	২৮	২৭	৪৩	৩৫

(১৬) ১২৪	(১৭) ৪২১	(১৮) ৩৪৫	(১৯) ৫৬০	(২০) ৭০১
৪২	৫৫	৭৬	৮৭	৯১

৩। সাজিয়ে নিয়ে গুণ কর

(১) ১০ × ৫ (২) ৬৭ × ২ (৩) ১০৩ × ৮
(৪) ২৫০ × ৯ (৫) ২৫১ × ৫ (৬) ৭৩০ × ৮
(৭) ৫৬৭ × ৭ (৮) ১৪০ × ২০ (৯) ৬৭০ × ১২
(১০) ৩২৫ × ২৪ (১১) ৭৩৪ × ৮৭ (১২) ৭৮৫ × ৩৫
(১৩) ৪৮৫ × ৭৮ (১৪) ৬৭৮ × ৯১ (১৫) ২০৫ × ১০
(১৬) ৯৯৯ × ১২ (১৭) ১৩৪ × ৪৪ (১৮) ২৬০ × ৩১
(১৯) ৫০১ × ৮৮ (২০) ৭২৩ × ৯২ (২১) ৬১৩ × ৭৭

৪। **অঙ্কগুলি কর**

(১) এক টাকায় ১০টা আম পাওয়া গেলে ২৫ টাকায় কতগুলি আম পাওয়া যাবে ?

(২) এক কিলোগ্রাম ৮ টাকায় হলে ১২ কিলোগ্রামের দাম কত ?

(৩) এক টাকায় ১০০ পয়সা, ১৫ টাকায় কত পয়সা ?

(৪) একটা বাগানে ১০ সারি গাছ আছে। প্রতি সারিতে ১২টি গাছ। বাগানে কতগুলি গাছ আছে ?

(৫) একজন প্রতিদিন ২ টাকা খরচ করে। সে ৩৬৫ দিনে কত খরচ করবে ?

(৬) একটা মোটর গাড়ি এক ঘণ্টায় ৬০ মাইল যায়। ২৪ ঘণ্টায় কত মাইল যাবে ?

(৭) ৬ জন ছেলের প্রত্যেককে ৭ টাকা করে দিয়েও দেখা গেল আরো ১৫ টাকা বেশি আছে। মোট কত টাকা ছিল ?

(৮) চৈতালী তপতী থেকে ৩ গুণ টাকা বেশি পেল। তপতী ৯ টাকা পেলে, চৈতালী কত পেল ?

(৯) গুণ্য ৭৭, গুণক ১২, গুণফল কত ?

(১০) একজন লোক মাসে ২৫০ টাকা আয় করে। তার ১২ মাসের আয় কত ?

সরল অঙ্ক—যোগ, বিয়োগ ও গুণ

সরল অঙ্কে যোগ, বিয়োগ ও গুণের কাজ থাকলে, আগে গুণের কাজ করে নেবে।

$$৪+৪-৩-২+২\times৪$$

২ আর ৪এর মাঝখানে গুণের চিহ্ন আছে। আগে গুণের কাজ করে নিতে হবে : $২\times৪=৮$

তাহলে অঙ্কটা এখন দাঁড়াল—

$$৪+৪-৩-২+৮$$

এবার শুধু যোগ আর বিয়োগ। যে রকম করে যোগ বিয়োগের সরল করে, এবার সেভাবে অঙ্কটা কর।

$$৪+৪-৩-২+২\times৪$$
$$=৪+৪-৩-২+৮$$
$$=৪+৪+৮-৩-২$$
$$=(৪+৪+৮)-(৩+২)$$
$$=১৬-৫$$
$$=১১ \text{ (উত্তর)}$$

প্রশ্নমালা—আট

সরল কর

১। $৪+৩-২-৪+৮$

২। $৫+৪+৩-৫-৫$

৩। $৬-৩+২-২+৬-১$

৪। $১৪+৭+৮-৪-৬\times৩$

৫। ৬ × ৩ + ৪ × ৪ − ৩ − ৫

৬। ৭ + ২ × ৬ − ২ × ২ × ২

৭। ৪৬ − ৬ × ৩ + ১৬

৮। ৩ × ২ × ২ × ২ + ৪ − ৩ × ২ − ৬

৯। ৫ + ৫ − ২ − ২ × ৪

১০। ২২ − ১১ + ১০ − ৫ × ২

১১। ৩৪ + ২ + ২ × ২ − ৩ + ৩ × ৩

১২। ২৭ + ৩৫ − ৩০ + ২ × ৩

১৩। ২০ + ১ × ২ − ৮ − ৭ + ৫

১৪। ৩০ + ৪০ − ১০ − ৫ × ২

১৫। ৩ + ৮ × ৩ − ৩ × ২ × ১

১৬। ১৬ × ৪ − ৮ − ৯ + ৭ + ৬

১৭। ৫৬ + ৩ × ৬ − ৬ − ৬ × ২

১৮। ৩ × ৪ × ৫ − ১২ − ১০ + ৩০

১৯। ১০ × ১০ − ১৬ + ৪ × ৩ × ২ − ৮ + ৯

২০। ৬ × ৪ × ১০ − ১ − ২ × ২ + ২ + ৪

২১। ২৫ × ৫ + ৩ + ৮ − ৯ × ৩ − ৩

২২। ৪ × ৩ + ৫ − ৩ − ২ − ৪ × ৩

২৩। ৯ × ৩ + ৫ − ৩ − ২ − ১২ + ৫ × ২

সাধারণ ভাগ (÷)

এই এক শিশি ওষুধ ৮ দাগে ভাগ করা আছে।

একটা রুটিকে ক'ভাগ করা হয়েছে গুণে দেখ

বাটিতে ৬টা রসগোল্লা আছে। মা তোমাদের তিনজনকে সমান ভাবে ভাগ করে দেবেন।

৫টা বল আছে　　　　৫ জন লোক আছে

এই পাঁচজন লোকের মধ্যে পাঁচটা বল সমানভাবে ভাগ করে দিতে হবে।

ছোট ছোট ভাগ মুখে মুখে করা যায়। কিন্তু বড় ভাগ হলে **অঙ্ক** কষে বার করে নিতে হয়। যদি বলে—২২০ টাকা ১০ জন লোকের মধ্যে সমান ভাগ করে দিতে হবে, তখন তুমি কি করবে? **তখন** অঙ্ক কষে তোমাকে বার করে নিতে হবে কে কত টাকা পাবে। তারপর তাদের টাকা ভাগ করে দেবে।

ভাগ অঙ্কে এই নামগুলি মনে রাখবে

ভাজ্য—যে সংখ্যাকে ভাগ করতে হয়।

ভাজক—যে সংখ্যা দিয়ে ভাগ করতে হয়।

ভাগফল—ভাগ করে যে ফল পাবে।

ভাগশেষ বা **অবশিষ্ট**—ভাগ করে যা বাকি থাকবে।

ভাগ দু'সংখ্যার মধ্যে হয়। ছোট সংখ্যা দিয়ে বড় সংখ্যাকে ভাগ করতে হয়।

ভাজ্য বড় সংখ্যা। ভাজক ছোট সংখ্যা। ভাজক থেকে অবশিষ্ট ছোট হবে। ভাজ্য থেকে ভাগফল ছোট হবে।

২৫ ÷ ৮

মানে ২৫কে ৮ ভাগে ভাগ করতে হবে।

এ অঙ্কটা বিয়োগ করেও করা যায়

২৫
৮—১ বার
১৭
৮—২ বার
৯
৮—৩ বার
১—অবশিষ্ট

এবার ভাগ করে অঙ্কটা করা হলো।

```
     ৩
৮ | ২৫          ৮) ২৫ (৩
  | ২৪              ২৪
  ------
     ১               ১
```

এই অঙ্কটিতে ৮ ভাজক, ২৫ ভাজ্য, ৩ ভাগফল, ১ ভাগশেষ বা অবশিষ্ট।

অঙ্কের ভাগফল উপরে বা পাশে রাখবে। ভাজক আর ভাগ-ফলের গুণফল ভাজ্যের নিচে নামিয়ে বিয়োগ করতে হয়। বিয়োগ ফলটা হচ্ছে অবশিষ্ট। যেমন যোগ আর গুণ, সে রকম বিয়োগ আর ভাগ। যোগ না করে সংক্ষেপে অঙ্ক করাকে বলে গুণ। বারে বারে বিয়োগ না করে সংক্ষেপে অঙ্ক করাকে বলে ভাগ।

গুণে যেমন নামতা আর যোগ লাগে, ভাগে সে রকম নামতা আর বিয়োগ লাগে।

যোগ, বিয়োগ আর গুণ আরম্ভ হয় ডানদিকের শেষ ঘর থেকে। ভাগ আরম্ভ হয় বামদিকের প্রথম ঘর থেকে।

মনে রাখবে

ভাজকে যে কয়টা ঘর, ভাজ্যেও সেই কয়টা ঘর নিয়ে ভাগ আরম্ভ করতে হয়। হয় ভাজ্য আর ভাজক সমান হবে নয়ত ভাজক থেকে ভাজ্য বড় থাকবে। সে জন্য ভাজ্য ও ভাজকের সমান অঙ্ক নিয়ে যদি দেখা যায় যে ভাজক বড়, তাহলে ভাজ্যে আর একটা অঙ্ক ডানদিক থেকে বাড়িয়ে নিতে হয়।

নিচের অঙ্ক দুটি দেখ

১। ৮৮ ÷ ৮

```
     ১১
৮ | ৮৮
  | ৮
  ------
     ৮
     ৮
   ----
```

২। ৫৮ ÷ ৭

```
      ৮
৭   ৫৮
    ৫৬
     ২
```

প্রথম অঙ্কে ভাজকে একটা সংখ্যা। ভাজ্যেও প্রথমে একটা সংখ্যা নেওয়া হলো। ভাজ্য ও ভাজক এখানে সমান। ভাগ আরম্ভ করা গেল।

দ্বিতীয় অঙ্কে ভাজক সংখ্যা থেকে ভাজ্যের প্রথম সংখ্যা ছোট। তাই ভাজ্যের দুটো সংখ্যাকে একেবারে ধরে নিয়ে ভাগ আরম্ভ করা হয়েছে।

৩। ৪৮৩÷৬

```
      ৮০
৬ |  ৪৮৩
  |  ৪৮
       ৩
```

তৃতীয় অঙ্কটি দেখ। ভাজক সংখ্যা দিয়ে ভাজ্যের সংখ্যাকে ভাগ করবার পরেও ভাজ্যে আর একটি অঙ্ক আছে। সে অঙ্কটিকেও ভাজক দিয়ে ভাগ করতে হবে। তাই অঙ্কটি ভাজ্য সংখ্যার বিয়োগ ফলের ডানদিকে এনে বসাতে হবে। ভাজ্য সংখ্যায় বিয়োগ ফল কিছু নেই। অঙ্কটিও ভাজক থেকে ছোট। ভাজ্যে আর কোন অঙ্কও নেই যে এনে বড় করবে। এখানে ভাগফলের ডানদিকে একটা শূন্য বসিয়ে দিলেই হবে। তাই ৮এর পর শূন্য দিয়ে ৮০ হলো ভাগফল।

৪। ৯১১০÷৯

```
      ১০১২
৯ |  ৯১১০
  |  ৯
  |   ১১
  |    ৯
       ২০
       ১৮
  ---------
        ২
```

চতুর্থ অঙ্কে ৯ দিয়ে ৯কে ভাগ করবার পরে ১ নামিয়ে দেখা গেল ভাজ্য থেকে আর একটি অঙ্ক এনে বড় করতে হবে। এ রকম যখনই ভাজ্য থেকে অঙ্ক এনে বড় করে নেবার দরকার হবে তখনই ভাগফলের ডান দিকে একটা শূন্য বসাতে হয়। এখানেও ভাজ্য থেকে একটি অঙ্ক এনে বড় করে নেওয়া হয়েছে বলে ভাগফলে ১এর পরে একটা শূন্য বসেছে।

মনে রাখবে

ভাজ্য যদি ভাজকের বড় না হয় অন্ততঃ সমান হওয়া চাই।

ভাগ অঙ্ক বামদিকের প্রথম সংখ্যা থেকে আরম্ভ করতে হয়।

ভাজক দিয়ে ভাজ্যের সব কয়টি অঙ্ককে ভাগ করতে হবে।

ভাজকের সংখ্যায় নামতা পড়ে ভাজ্যের নিচে কত বসাবে ঠিক করতে হয়।

তারপব ভাজ্যের নিচে সেই সংখ্যাটি বসিয়ে বিয়োগ করতে হয়।

ভাজকে যে কয়টি অঙ্ক থাকে ভাজ্যেও প্রথমে সেই কয়টি অঙ্ক নিতে হয়। তবুও ভাজ্য সংখ্যা ছোট হলে ভাজ্য হতে আর একটি অঙ্ক নিয়ে সংখ্যাটি বাড়িয়ে নেবে। তারপর একবারে ভাজ্য থেকে একটির বেশি অঙ্ক নামাতে পারা যায় না। যদি সে অঙ্কটি নিয়ে আসার পরেও সংখ্যাটি ভাজক থেকে বড় না হয়, তবে ভাগফলের ডানদিকে একটা শূন্য বসবে। দরকার হলে এই শূন্য একাধিকবার বসতে পারে।

প্রশ্নমালা—নয়

১। **ভাগফল বার কর**

(১) ৮ ÷ ২ (২) ৮ ÷ ৪ (৩) ৯ ÷ ৩
(৪) ১০ ÷ ৫ (৫) ১০ ÷ ২ (৬) ১২ ÷ ৬
(৭) ১২ ÷ ২ (৮) ১৪ ÷ ২ (৯) ১৪ ÷ ৭
(১০) ১৮ ÷ ৬ (১১) ২৪ ÷ ৪ (১২) ৪৫ ÷ ৫
(১৩) ৪০ ÷ ৪ (১৪) ২৮ ÷ ৭ (১৫) ২২ ÷ ২
(১৬) ৩৩ ÷ ৩ (১৭) ৮৬ ÷ ২ (১৮) ৫৫ ÷ ৫
(১৯) ৭৬ ÷ ২ (২০) ৭০ ÷ ৫ (২১) ১০৫ ÷ ৫
(২২) ৩০০ ÷ ৬ (২৩) ১০৫ ÷ ৫ (২৪) ১২৫ ÷ ৫

২। **ভাগফল ও অবশিষ্ট বাহির কর**

(১) ৮১৬ ÷ ৪ (২) ৯৯৯ ÷ ৩ (৩) ৮৬৪ ÷ ২
(৪) ৯৯৯ ÷ ৯ (৫) ৯১৮ ÷ ৯ (৬) ২৫৫ ÷ ৫
(৭) ২১ ÷ ৪ (৮) ২৭ ÷ ৫ (৯) ৩০ ÷ ৪
(১০) ৩৫ ÷ ৯ (১১) ২৮ ÷ ৮ (১২) ৩৩ ÷ ৮
(১৩) ৮৮ ÷ ৬ (১৪) ৫৪ ÷ ৭ (১৫) ২৯ ÷ ৪
(১৬) ১১৩ ÷ ৫ (১৭) ১২৭ ÷ ৯ (১৮) ২৩৪ ÷ ৭
(১৯) ১৭৭ ÷ ৬ (২০) ৪২৩ ÷ ৭ (২১) ৩১৪ ÷ ৯
(২২) ১৭৬ ÷ ৭ (২৩) ৪৬৪ ÷ ৩ (২৪) ৭৭৮ ÷ ৫
(২৫) ৪০১ ÷ ২ (২৬) ৬৭৮ ÷ ৯ (২৭) ২৪৩ ÷ ৪
(২৮) ১২৩ ÷ ৬ (২৯) ৪৬৭ ÷ ৪ (৩০) ৮৩২ ÷ ৬
(৩১) ৫৬৭ ÷ ৫ (৩২) ৮৫০ ÷ ৯ (৩৩) ৯৫৬ ÷ ৮
(৩৪) ৮৯৭ ÷ ৬ (৩৫) ৬৪৪ ÷ ৩ (৩৬) ৭৮৯ ÷ ৯

৩। **অঙ্কগুলি কর**

(১) ৬জন ছেলের মধ্যে ৬৬টি আম সমান ভাবে ভাগ করে দিলে একজন কয়টা করে পাবে ?

(২) ৫ টাকায় ৫০টি আম পাওয়া গেলে ১ টাকায় কয়টা আম পাওয়া যাবে ?

(৩) ৪০টি বল ৮ জন ছেলের মধ্যে এমন করে ভাগ কর যেন প্রত্যেকেই সমান সংখ্যক বল পায়।

(৪) প্রত্যেককে ১০টা করে দিলে ৬০টা বল দেবার জন্য কত জন ছেলের দরকার ?

(৫) ৬৫টি ছেলের মধ্যে প্রত্যেককে ৯টা করে দিলে কয়টা বেশি থাকবে ?

(৬) ২০০টি গাছ ১০টি সারিতে লাগাতে হলে, প্রতি সারিতে কয়টা করে গাছ লাগাবে ?

(৭) একজন লোক প্রতি মাসে সমান আয় করে। সে ৩ মাসে ৬০০ টাকা রোজগার করলে প্রতি মাসে সে কত রোজগার করে ?

(৮) ৬৪৮ এর কত ভাগ ৮ ?

৪। দুই অঙ্ক দিয়ে ভাগ কর

(১) ২৪০ ÷ ১১	(২) ৬৭০ ÷ ১০	(৩) ৮৫০ ÷ ১২
(৪) ৩৪১ ÷ ১১	(৫) ৯৭৬ ÷ ১৩	(৬) ৫৭৮ ÷ ১৩
(৭) ৬৭০ ÷ ১৪	(৮) ৮৫৩ ÷ ১৫	(৯) ৩১২ ÷ ১৬
(১০) ৮৭৬ ÷ ১৭	(১১) ৮১৩ ÷ ১৮	(১২) ৭৬৭ ÷ ১৮
(১৩) ৮০০ ÷ ১২	(১৪) ৭৯২ ÷ ১৩	(১৫) ৭৬৭ ÷ ১৬
(১৬) ৮৫৬ ÷ ১৪	(১৭) ১২৩ ÷ ১৪	(১৮) ৬৭৩ ÷ ১২
(১৯) ২৩৮ ÷ ১৪	(২০) ১২৯ ÷ ১৬	(২১) ৫০৯ ÷ ১৯

৫। অঙ্কগুলি কর

(১) তোমাদের ১১ জনের মধ্যে ৩০০টা পেঁয়ারা সমান ভাবে ভাগ করে দিলে প্রত্যেকে কয়টা করে পাবে ? কতগুলি বেশি থাকবে ?

(২) একটি নৌকায় ২৫ জনের জায়গা হয়। ঐ রকম ৫০টা নৌকায় কতজন যেতে পারে ?

(৩) বাজারে গিয়ে ৪০ টাকার ময়দা, ৮০ টাকার চাল, ৩২০ টাকার কাপড়, ৬ টাকার সুজি কিনলে, তোমার কত টাকা লাগবে ?

(৪) ৮২৫ টাকা থেকে প্রথমে খরচ করলে ২৫ টাকা তারপর ১০০ টাকা তারপরে ১৩০ টাকা। তোমার কাছে কত টাকা রইল ?

২। $১২ ÷ ২ ÷ ২ − ৬ + ২২ × ৩ × ৩ ÷ ৩$
$= ৬ ÷ ২ − ৬ + ২২ × ৩ × ৩ ÷ ৩$
$= ৩ − ৬ + ২২ × ৩ × ৩ ÷ ৩$
$= ৩ − ৬ + ৬৬ × ৩ ÷ ৩$
$= ৩ − ৬ + ১৯৮ ÷ ৩$
$= ৩ − ৬ + ৬৬$
$= ৬৯ − ৬ = ৬৩$ (উত্তর)

প্রশ্নমালা—দশ

সরল অঙ্কগুলি কর

১। $২ + ৩ − ২ − ৪ + ৮$

২। $৪ + ৮ + ৮ − ৪ − ৫ × ৩ − ৪ + ৯$

৩। $৭ × ২ + ১০ − ৩ × ২ + ১০$

৪। $১২ ÷ ৩ × ৪ + ৮ − ৯ − ৩$

৫। $১৬ × ৪ ÷ ২ − ৪ − ৪ + ৬ + ৩$

৬। $৭৭ + ৮ − ৩৭ + ১২ ÷ ৪ × ৩$

৭। $৩ × ৩ × ৩ × ২ + ৫ + ১২ ÷ ২ ÷ ২ − ৪$

৮। $১২ − ২৪ ÷ ৪ + ৩ × ৩ − ২ − ৮$

৯। $৫ × ৯ − ৭ × ১২ + ৬ × ১০$

১০। $৮ × ৪ × ৭ + ২০ ÷ ৫ − ২৫$

১১। $৮ ÷ ২ − ৪ + ৮ × ২ − ১০ − ৫$

১২। $৩ × ৪ × ১০ ÷ ২ − ২ × ২ × ২$

১৩। $২০ ÷ ১০ × ৩ × ৪ − ১০$

১৪। $৮ + ৪ − ২০ + ৩০ ÷ ১০ − ৫$

১৫। $৪৮ ÷ ১২ ÷ ২ − ২ + ২$

মুদ্রা

১ টাকা
বা
একশ পয়সা

আধুলি
বা
পঞ্চাশ পয়সা

সিকি
বা
পঁচিশ পয়সা

কুড়ি পয়সা

দশ পয়সা

পাঁচ পয়সা

তিন পয়সা

দুই পয়সা

১ পয়সা

মুদ্রার ছবিগুলো দেখেই তোমরা বুঝতে পেরেছ যে এগুলো তোমাদের চেনা। বাজার করতে হলে বা দোকান থেকে কিছু কিনতে হলো এগুলো সব সময়ই লাগে।

মুদ্রার চলতি নাম টাকা পয়সা

টাকা পয়সা হয় ধাতুর তৈরী। টাকা পয়সার সঙ্গে আর একটা জিনিসও ব্যবহার করা হয়, তার নাম **নোট**।

১০০ পয়সা বা ১ টাকার কমে নোট হয় না। এক টাকা থেকে এক হাজার টাকা পর্যন্ত নোট আছে। মুদ্রার বদলে নোট দিয়ে কাজ করা হয়। অনেকগুলি মুদ্রা একসঙ্গে নাড়াচাড়া করায় অসুবিধা হয় বলে নোট নিয়ে কাজ করে। নোটগুলো এক রকম বিশেষ কাগজ দিয়ে তৈরি হয়। কেউ যদি নোট ভাঙিয়ে তার বদলে মুদ্রা চায়, সরকার তখনি যত টাকার নোট তত মুদ্রা দেবেন—এ কথা প্রত্যেক নোটের গায়ে লেখা আছে।

কত রকম মুদ্রার নোট আমাদের দেশে এখন চলছে ঃ—

১ টাকার, ২ টাকার, ৫ টাকার, ১০ টাকার, ২০ টাকার ও ১০০ টাকার ও ১,০০০ টাকার।

টাকা পয়সা কি করে লিখতে বা পড়তে হয়।

১০০ পয়সায় ১ টাকা। ৯৯ পয়সা পর্যন্ত লেখা যায়, তারপরে একটাকা লিখতে হয়

১০০ পয়সা = ১ টাকা = টা ১·০০।

টাকার সঙ্গে পয়সা থাকলে কি করে লিখতে হয়, জানা দরকার।

ধর, ১ টাকা ৫ পয়সা। তুমি যদি ১ এর পরেই ৫ বসিয়ে দাও তাহলে ভুল হবে। কারণ তাহলে লিখতে হয় ১৫। এরকম করে লিখলে ১৫ পয়সা হবে।

এক টাকায় ১০০ পয়সা, তার সঙ্গে আরো পাঁচ পয়সা মানে (১০০+৫)=১০৫ লিখতে হবে।

পয়সা সব সময় দুটো ঘর দিয়ে প্রকাশ করতে হয়।

সে জন্য ১ থেকে ৯ পর্যন্ত পয়সা লিখতে হলে আগে একটা শূন্য বসিয়ে নিতে হয়। সংক্ষেপে টাকাকে টা. এবং পয়সাকে প. লেখা চলে

০১— এক প.
০২ --দুই প.
০৩—তিন প.
০৪—চার প.
০৫—পাঁচ প.
০৬ ছয় প.
০৭ —সাত প.
০৮—আট প.
০৯—নয় প.
১০—দশ প.

১০ থেকে দুই অঙ্কে লিখতে হয় বলে ৯৯ পয়সা পর্যন্ত লিখতে হলে শূন্য বসাতে নেই। মিশ্রবাশি এক সঙ্গে লিখতে হলে টাকার পরেই পয়সা বসাতে হয়।

বার টাকা দুই পয়সা=১২ টা. ০২ প.
=১২০২ প.

ত্রিশ টাকা তিন পয়সা=৩০ টা. ০৩ প.
=৩০০৩ প.

সাত টাকা বার পয়সা=৭ টা. ১২ প.
=৭১২ প.

পনর টাকা কুড়ি পয়সা=১৫ টা. ২০ প.
=১৫২০ প.

পয়সাকে টাকায় প্রকাশ করাও খুব সহজ। যত পয়সা থাকবে তার ডান দিকের শেষের ঘর তুটি (একক ও দশক) পয়সা ধরে বাকি সংখ্যাকে টাকা ধরবে।

১। ৬০০৭ প.=৬০ টা. ০৭ প.

২। ১৫১২ প.=১৫ টা. ১২ প.

৩। ৩০৪৫ প.=৩০ টা. ৪৫ প.

কি করে হয়

১। ৬০০৭ প. –কত টাকা কত পয়সা ?

```
      ৬০ টা.
১০০ | ৬০০৭=৬০ টা. ০৭ প.
    | ৬০০
        ৭ প.
```

মুদ্রা বা পয়সা লিখিবার নিয়ম

হিসাবের বা অঙ্কের পাশে বারে বারে কথায় টাকা, পয়সা লেখা সম্ভব নয়। এজন্য টাকা ও পয়সাকে সাঙ্কেতিক চিহ্ন দিয়ে বুঝিয়ে দিতে হয়।

৪২ টাকা ৪০ পয়সা=টা. ৪২·৪০ বা টা. ৪২।৪০

৩ টাকা ০৩ পয়সা=টা. ৩ ০৩ বা টা. ৩।০৩

টাকা আর পয়সার মাঝখানে একটা বিন্দু অথবা দাঁড়ি টেনে দিতে হয়। এর মানে এই চিহ্নের বাম দিকে টাকা আর ডান দিকে পয়সা থাকে।

পয়সাকে মিশ্র রাশি মানে টাকা পয়সায় প্রকাশ করা

৫৬৭০ পয়সাকে মিশ্র রাশিতে প্রকাশ করতে হলে ডান দিকের শেষ তুটো ঘর ছেড়ে বিন্দু বা দাঁড়ি টেনে দাও। বাম দিকে টাকা ও ডান দিকে পয়সা থাকবে।

৫৬৭০ প.=টা. ৫৬·৭০
=টা. ৫৬।৭০

টাকাকে পয়সায় প্রকাশ করতে হলে টাকার পরে তুটো শূন্য বসিয়ে দাও।

১২ টাকা=১২০০ প.

এ কথাগুলি মনে রাখবে

১ থেকে ৯ পর্যন্ত পয়সা লিখতে বামদিকে একটা শূন্য বসিয়ে লিখবে।

০১, ০২, ০৩, ০৪, ০৫ ইত্যাদি।

টাকাকে পয়সায় নিতে হলে টাকার ডানদিকে তুটো শূন্য বসিয়ে দেবে।

১২ টা.=১২০০ প. ১৪ টা.=১৪০০ প.

পয়সাকে টাকায় নিতে হলে ডান দিকের শেষ ঘর তুটো ছেড়ে দিয়ে সাঙ্কেতিক চিহ্ন বসাবে।

১৫০০ প.=টা. ১৫·০০
১৭৩২ প.=টা. ১৭·৩২

কিন্তু যদি টাকার সঙ্গে পয়সা থাকে?

টা. ১·০৩—কত পয়সা?

সাঙ্কেতিক চিহ্নকে উঠিয়ে দাও—টা. ১·০৩=১০৩ প.

তাহলে, শুধু টাকা থাকলে ডান দিকে দুটো শূন্য দিচ্ছ। সঙ্গে পয়সা থাকলে সাঙ্কেতিক চিহ্নটা উঠিয়ে দিচ্ছ।

ভাল করে দেখ

টা. ১·০৩ = ১০৩ প.

টা. ২৪·৪৪ = ২৪৪৪ প.

টা. ১২ = ১২০০ প.

টা. ১০ = ১০০০ প.

টা. ১০·০৯ = ১০০৯ প.

পয়সাকে মিশ্ররাশি করা বা টাকা পয়সায় লেখা

৩০০ প. = টা. ৩·০০ = তিন টাকা

৫৭৬ প. = টা. ৫·৭৬ = পাঁচ টাকা ছিয়াত্তর পয়সা

৪০৫১ প. = টা. ৪০·৫১ = চল্লিশ টাকা একান্ন পয়সা

১২৭০০ প. = টা. ১২৭·০০ = একশ সাতাশ টাকা

মুখে মুখে উত্তর দাও

এক টাকায় কত পয়সা ? ৭ টাকায় কত পয়সা ? ৪ টাকায় কত পয়সা ? ৩ টাকা ১০ পয়সায় কত পয়সা ? ২ টাকা ০২ পয়সায় কত পয়সা ?

প্রশ্নমালা—এগার

অঙ্কগুলি কর

১। পয়সায় লেখ

(১) ৫ টাকা ১০ পয়সা (২) ১৭ টাকা ১৪ পয়সা

(৩) ১২ টাকা ১২ পয়সা (৪) ৭০ টাকা ৭০ পয়সা

(৫) ৩০ টাকা ০৩ পয়সা (৬) ৫৯ টাকা ৩০ পয়সা
(৭) ২৫ টাকা (৮) ৯০ টাকা ০৪ পয়সা
(৯) ৯২ টাকা ০৭ পয়সা (১০) ৪০ টাকা ২১ পয়সা
(১১) ২৪০ টাকা (১২) ৫৬০ টাকা ০৩ পয়সা

২। মিশ্ররাশিতে (টাকা ও পয়সায়) লেখ

(১) ৪০৩ প. (২) ৭২০০ প. (৩) ৮২২ প.
(৪) ৬২৭ প. (৫) ৫১২ প. (৬) ৭৩০ প.
(৭) ৫৬৭৮ প. (৮) ১২৮০ প. (৯) ৫৬৭ প.

৩। সাঙ্কেতিক চিহ্নে (বিন্দু বা দাঁড়ি দিয়ে) লেখ

(১) ৫টা. ২০ প. (২) ৭টা. ০৩ প. (৩) ১৫টা. ০৭ প.
(৪) ১৮টা. (৫) ২০টা. ২৫ প. (৬) ৫০টা. ৬০ প.
(৭) ৮০টা. ৭৭ প. (৮) ৫টা. (৯) ১৬টা. ১৬ প.

৪। সাঙ্কেতিক চিহ্ন উঠিয়ে দিয়ে কথায় টাকা ও পয়সা লেখ

(১) টা. ১৭·০৬ (২) টা. ১৮·১৬ (৩) টা. ২৭০·০৩
(৪) টা. ২২·২০ (৫) টা. ২৫·০৫ (৬) টা. ২৭·২৭
(৭) টা. ২৮·২৮ (৮) টা. ৫·০৫ (৯) টা. ১৭·০০
(১০) টা. ১২·১২ (১১) টা. ২০·২৫ (১২) টা. ৩১·০০

মুদ্রার আর্যা

৫০ পয়সায় =১আধুলি
২ আধুলিতে =১ টাকা
২৫ পয়সায় =১ সিকি
৪ সিকিতে =১ টাকা

৫টা কুড়ি পয়সায় =১ টাকা
১০টা দশ পয়সায় =১ টাকা
৫টা দশ পয়সায় =১ আধুলি
২টা দশ পয়সায় =১টা কুড়ি পয়সা

২০ টা পাঁচ পয়সায়=১ টাকা
১০টা পাঁচ পয়সায় = ১ আধুলি
৫টা পাঁচ পয়সায় = ১ সিকি
৪টা পাঁচ পয়সায় =১টা কুড়ি পয়সা

৩৩টা তিন পয়সায়=৯৯ পয়সা
১৬টা তিন পয়সায়=৪৮ পয়সা
৮টা তিন পয়সায়=২৪ পয়সা
৬টা তিন পয়সায়=১৮ পয়সা

৩টা তিন পয়সা=৯ পয়সা
৫০টা দুই পয়সা =১ টাকা
২৫টা দুই পয়সা =১ আধুলি
১০টা দুই পয়সা=১টা কুড়ি পয়সা
১০০টা পয়সা =১ টা।

শুধু তিন পয়সা দিয়ে টাকা ভাঙ্গালে ১ টাকায় ১ পয়সা, আধুলিতে ২ পয়সা, সিকিতে ১ পয়সা, কুড়িতে ২ পয়সা, দশে ১ পয়সা কম হবে।

মুখে মুখে উত্তর দাও

কত পয়সায় এক টাকা? কত পয়সায় এক আধুলি? কত পয়সায় এক সিকি? কত আধুলিতে এক টাকা? কত সিকিতে এক টাকা? কত সিকিতে এক আধুলি? কত দশ পয়সায় এক আধুলি ও এক টাকা? কত পাঁচ পয়সায় এক আধুলি, এক সিকি ও এক টাকা? কত দুই পয়সায় এক টাকা ও এক আধুলি?

৩৩টা তিন পয়সা নিলে ১ টাকায় কত পয়সা কম হবে? ১৬টা তিন পয়সা নিলে ১ আধুলির কত পয়সা কম হবে? ৮টা তিন পয়সা নিলে পুরো ১ সিকি পাবে কি?

প্রশ্নমালা—বার

অঙ্কগুলি কর

১। তোমাকে একশত পয়সা দিয়ে আধুলি করে আনতে বললে তুমি কয়টা আধুলি আনবে?

২। দুটো দশ পয়সায় কতগুলি এক পয়সা পাবে?

৩। একটা আধুলি আর দুটো সিকিতে কত টাকা হয়?

৪। দোকানে গিয়ে দশ পয়সার বিস্কুট, দশ পয়সার খাতা কিনে দোকানদারকে একটা আধুলি দিলে সে কত ফিরিয়ে দেবে?

৫। এক টাকা আর এক সিকিতে কত পয়সা?

৬। একশত পয়সা থেকে পঞ্চাশ পয়সা গেলে কত থাকবে? পঁচিশ পয়সা গেলে কত থাকবে? দশ পয়সা গেলে কত থাকবে?

৭। পাঁচ পয়সা করে দশটা ডাকটিকিট ও পনর পয়সা করে তিনটা ডাকটিকিট কেনবার জন্যে ডাকঘরে তুমি একটা টাকা দিলে কত ফেরত পাবে?

৮। মা তোমাকে ৩৩টা তিন পয়সা দিলে ১ টাকা পুরো করবার জন্য মায়ের কাছে তুমি আর কত পয়সা চাইবে?

৯। ১৬টা তিন পয়সা তোমাকে দিলে কি তোমার ১ আধুলি হবে? কত পয়সা কত কম হবে?

১০। তুমি একটা সিকি ভাঙ্গিয়ে ৮টা তিন পয়সা পেলে। আর কত পয়সা হলে ১ সিকি বা ২৫ পয়সা হবে?

মিশ্র মুদ্রার যোগ ও বিয়োগ

পয়সার যোগ বিয়োগ সাধাবণ যোগ বিয়োগের মত। যেমন করে সাধারণ যোগ বিয়োগ করে, সেই রকম করেই পয়সার যোগ বিয়োগ কবতে হয়। শুধু উত্তরের ডানদিকের শেষের দুটো ঘর (একক ও দশক) ছেড়ে সাঙ্কেতিক চিহ্ন দিয়ে দিতে হয়।

১।

টা.	প
১	১৩
৪০	০৫
৩০	৪৯
৭	১৫
১২৫	১০
২০৫	০২

উত্তর = টা. ২০৫·০২

২।

টা. ২·১৩
টা. ৪০·০৫,
টা. ৫০·৭৯
টা. ৭০·৮০
টা. ৮·৯০

১৭২·৬৭ উত্তর = টা. ১৭২·৬৭

৩।

টা.	প.
৭০৩	০৪
−১২	৫৫
৬৯০	৪৯

উত্তর = টা. ৬৯০·৪৯

৪। টা. ২২৫·০৬
−টা. ২৫·১৬
১৯৯·৯০ উত্তর = টা. ১৯৯·৯০

প্রশ্নমালা—তের

১। **মিশ্ররাশির যোগগুলি কর**

(১)

টা.	প.
৩০	২৫
১২	০৭
১৩	১৮

(২) টা. ৭·০৪
টা. ১২·১৫
টা. ১৩·১৩

(৩)

টা.	প.
২০	২০
৫	০৫
১৭	২২
৫	১৭

(৪) টা. ১০·০৯
টা. ১২·১৫
টা. ২০·২১
টা. ১০·১৩

(৫)

টা.	প.
১২	২২
৮	১৭
৫	৪০
৩	০৩

(৬) টা. ১৫·০৫
টা. ১৬·৭৭
টা. ১০·১৩
টা. ৫·০৭

(৭)

টা.	প.
৫	১৫
১২	০৫
১৪	২০
১১	১২

(৮) টা. ৩৫·০৫
টা. ১৬·৭৮
টা. ১৯·১৩
টা. ৬৫·০৭

(৯)

টা.	প.
১২	১২
১	০১
১৫	৭০
৮	০৮

(১০) টা. ৩০·২০
টা. ২৫·০৫
টা. ৫০·০১
টা. ৬·৬০

২। *মিশ্ররাশির বিয়োগগুলি কর*

(১)

টা.	প.
২৭	৫০
৬	৪০

(২) টা. ৩০·০৩
টা. ২৫·১৫

(৩)

টা.	প.

২৫	০৬

(৪) টা. ৫৬·০৭
টা. ২৫·৮৮

(৫)

টা.	প
৩৫	
১৫	

মিশ্র মুদ্রার গুণ ও ভাগ

গুণ

সাধারণ গুণের মত গুণ কর। তারপর গুণফলের ডানদিকের শেষের দুটো ঘড় ছেড়ে (একক ও দশক) সাঙ্কেতিক চিহ্ন দিয়ে দাও।

নিচের অঙ্কগুলি দেখ

১। টা. ১২·২০ × ৩

```
  ১২·২০
      ৩
  ৩৬৬০    উত্তর = টা. ৩৬·৬০
```

২। টা. ৪০·৫০ × ২৪

```
  ৪০·৫০
     ২৪
 ১৬২০০
 ৮১০০×
 ৯৭২০০       উত্তর = টা. ৯৭২·০০
```

ভাগ

বণ ভাগেরই মত। শুধু টাকার ঘর ভাগ করা হয়ে গেলে ও করবার আগে ভাগফলের পরে একটা বিন্দু

দিয়ে অথবা দাঁড়ি টেনে আবার ভাগফল বসিয়ে যাবে। তারপর বিন্দু অথবা দাঁড়ির বাম পাশে টাকা আর ডান পাশে পয়সা ধরবে।

১ টা. ২৫.৫০ ÷ ৫ ২। টা. ২০.০৪ ÷ ৬

উত্তর = টা. ৫.১০ উত্তর = টা. ৩.৩৪

মুখে মুখে উত্তর দাও

একটা পেন্সিলের দাম ০৫ প. হলে ৫টা পেন্সিলের দাম কত ?

একটা কমলা লেবুর দাম ১০ প. হলে ১০টা কমলা লেবুর দাম কত ?

২ টাকা ২৫ পয়সা করে ১ ডজন ডিম হলে ২ ডজনের দাম কত ?

২ টাকা ২০ পয়সার তিনগুণ কত ?

৪ টাকা ০৩ পয়সার চারগুণ কত ?

প্রশ্নমালা—চোদ্দ

১। গুণ কর

(১) টা. ২৪.৮০ × ৪ (২) টা. ১৩.২০ × ৮ (৩) টা. ৫০.০০ × ১২

(৪) টা. ৮০·৮০ × ১৪ (৫) টা. ৬১·০১ × ৮২ (৬) টা. ৭৫·০২ × ৯০

(৭) টা. ৪২·৫১ × ৩২ (৮) টা. ৬১·৪৩ × ২৪ (৯) টা. ২০·২০ × ৩৪

২। অঙ্কগুলি কর

(১) ৬০ প. × ৩ (২) ৮৫ প. × ৫ (৩) টা. ১০·৭০ × ৭
(৪) টা. ১২·১০ × ৭ (৫) টা. ১০·০৩ × ৪ (৬) টা. ২৫·২৭ × ১২
(৭) টা. ৬২·০৯ × ২৮ (৮) টা. ৯০·০২ × ৩৪ (৯) টা. ৭১·০১ × ২৮
(১০) টা. ৪০·২০ × ১৩ (১১) টা. ৮৬·১২ × ১৮

৩। ভাগ কর

(১) টা. ২০·২০ ÷ ৪ (২) টা. ৮·৪০ ÷ ২
(৩) টা. ৫০·৫৪ ÷ ৫ (৪) টা. ৮০·৮০ ÷ ৮
(৫) টা. ৬৪·৩২ ÷ ৮ (৬) টা. ৪০ ÷ ২
(৭) টা. ৪০·৪০ ÷ ৪ (৮) টা. ৩৫·১০ ÷ ৫
(৯) টা. ৯০·৯০ ÷ ৯ (১০) টা. ১০০·৫০ ÷ ২
(১১) টা. ২০০·০০ ÷ ৫ (১২) টা. ১২৪·২৪ ÷ ৪
(১৩) টা. ২২০·১৬ ÷ ৮ (১৪) টা. ১২৬·২১ ÷ ৩
(১৫) টা. ৩২৭·২৪ ÷ ৬ (১৬) টা. ৯৬৩·০৩ ÷ ৩

৪। অঙ্কগুলি কর

(১) একটা ডাকটিকিটের দাম ১৫ প. হলে ১৮০টি ডাকটিকিটের দাম কত?

(২) একটা সন্দেশ ২৫ প. হলে ৫০টি সন্দেশের দাম কত?

(৩) প্রত্যেকটি শাড়ির দাম ২০ টা. ০৪ প. হলে ২০টির দাম কত ?

(৪) একজোড়া ধুতির দাম টা. ২২·২০ হলে ঐ রকম ১০ জোড়া ধুতির দাম কত ?

(৫) ২৪০ টাকা ৪ জনের মধ্যে সমান ভাগে ভাগ করে দাও।

(৬) সমান দামের ৪ খানা কাপড়ের মূল্য ৪৮ টাকা ৪০ পয়সা হলে, একখানার দাম কত ?

(৭) ১২ মাসের মোট আয় ৬০০ টাকা ৬৯ পয়সা হলে এক মাসের আয় কত ?

(৮) সমান আয়ের তিন জনের এক মাসের মিলিত আয় টা. ৩১৩·০৫, এক জনের আয় কত ?

(৯) ৪০ টাকা ৪০ পয়সা ৪ জনের মধ্যে সমান ভাগে ভাগ করে দিলে এক জন কত পাবে ?

(১০) টা. ৮০·৫০ কে সমান দশ ভাগ করলে এক ভাগে কত পড়বে ?

(১১) ২৪ টাকার তিনগুণ করে সমান দুই ভাগে ভাগ কর।

(১২) প্রতি ছেলেকে টা. ৫·৫৯ করে দিলে ৮ জন ছেলের জন্য যত লাগে তার অর্ধেক তোমার কাছে রাখলে কত থাকবে ?

(১৩) এক দিনের খবরের কাগজের দাম ১৬ প. হলে ৩০ দিনের খবরের কাগজের দাম কত ?

ওজন, দৈর্ঘ্য ও তরল জিনিসের পরিমাপ

নিয়ম ও নাম

আর্যা

মিটার, লিটার, গ্রাম,
—এই তিনটি নাম
ভুললে পরে চলবে না।
অঙ্ক তবে পারবে না।

ওজনে লাগিবে গ্রাম
দৈর্ঘ্যেতে মিটার,
লিটার তবল দ্রব্যে
মাপিতে বাহার।

ডেকা, হেক্টো, কিলো
—মনে রাখা ভালো।
ডেসি, সেন্টি, মিলি
—যেও নাকো ভুলি।
মিটার, লিটার, গ্রাম,
সঙ্গে এদের নাম
যোগ করে নিও
মনে রেখে দিও।

ওজনের এককের নাম **গ্রাম**।
দৈর্ঘ্য পরিমাপের একক **মিটার**।
তরল দ্রব্য পরিমাপের একক লিটার।

এই এককগুলির সঙ্গে ডেকা, হেক্টো, কিলো, ডেসি, সেন্টি, মিলি—এসব বসিয়ে নিতে হয়। যেমন—

ডেকাগ্রাম, হেক্টোগ্রাম, কিলোগ্রাম, ডেসিগ্রাম, সেন্টিগ্রাম, মিলিগ্রাম।

ডেকামিটার, হেক্টোমিটার, কিলোমিটার, ডেসিমিটার, সেন্টি-মিটার, মিলিমিটার।

ডেকালিটার, হেক্টোলিটার, কিলোলিটার, ডেসিলিটার, সেন্টি-লিটার ও মিলিলিটার।

দশগুণ হয় ডেকা,
হেক্টো শতগুণ,
সহস্র গুণিতে কিলো,
কহিছে নিপুণ।

দশ ভাগ হয় ডেসি,
সেন্টি শত ভাগ,
সহস্র ভাগেতে মিলি
এই মত দাগ।

এককের গুণতক

সহস্র	শতক	দশক	একক	দশমাংশ	শতাংশ	সহস্রাংশ
কিলো	হেক্টো	ডেকা	গ্রাম মিটার লিটার	ডেসি	সেন্টি	মিলি

ডেকা—দশক, মানে দশগুণ। ১ ডেকাগ্রাম মানে ১ গ্রামের দশগুণ। ১ ডেকামিটার মানে ১ মিটারের দশগুণ। ১ ডেকালিটার মানে ১ লিটারের দশগুণ।

হেক্টো—শতক, মানে শতগুণ। ১ হেক্টোগ্রাম মানে ১ গ্রামের শতগুণ। ১ হেক্টোমিটার মানে ১ মিটারের শতগুণ। ১ হেক্টো-লিটার মানে ১ লিটারের সহস্রগুণ।

কিলো—সহস্র, মানে সহস্রগুণ। ১ কিলোগ্রাম মানে ১ গ্রামের সহস্রগুণ। ১ কিলোমিটার মানে ১ মিটারের সহস্রগুণ। ১ কিলো-লিটাব মানে ১ লিটারের সহস্রগুণ।

ডেসি—দশমাংশ, দশ ভাগের একভাগ। এক ডেসিগ্রাম মানে ১ গ্রামের দশ ভাগের এক ভাগ। ১ ডেসিমিটার মানে ১ মিটারের দশভাগের এক ভাগ। ১ ডেসিলিটার মানে, ১ লিটারের দশ ভাগের একভাগ।

সেন্টি—শতাংশ, শত ভাগের এক ভাগ। ১ সেন্টিগ্রাম মানে ১ গ্রামের একশ ভাগের এক ভাগ। ১ সেন্টিমিটার মানে ১ মিটারের শতভাগের এক ভাগ। ১ সেন্টিলিটার মানে ১ লিটারের শতভাগের একভাগ।

মিলি—সহস্রাংশ, সহস্র ভাগের এক ভাগ। ১ মিলিগ্রাম মানে ১ গ্রামের সহস্র ভাগের এক ভাগ। ১ মিলিমিটার মানে ১ মিটারের সহস্র ভাগের এক ভাগ। ১ মিলিলিটার মানে ১ লিটারের সহস্র ভাগের এক ভাগ।

সংক্ষেপে লেখবার নিয়ম

কিলোগ্রাম—কি.গ্রা.

হেক্টোগ্রাম—হে.গ্রা.

ডেকাগ্রাম—ডেকা.গ্রা.

গ্রাম—গ্রা.

ডেসিগ্রাম—ডে.গ্রা.

সেন্টিগ্রাম—সে.গ্রা.

মিলিগ্রাম—মি.গ্রা.

কিলোমিটার—কি.মি.

হেক্টোমিটার—হে.মি.

ডেকামিটার—ডেকা.মি.

মিটার—মি.

ডেসিমিটার—ডে.মি.

সেন্টিমিটাব—সে.মি.

মিলিমিটাব—মি.মি.

কিলোলিটার—কি.লি.

হেক্টোলিটার—হে.লি.

ডেকালিটার—ডেকা.লি.

লিটার—লি.

ডেসিলিটার—ডে.লি.

সেন্টিলিটার—সে.লি.

মিলিলিটার—মি.লি.

·তোমরা শিখলে

১। ওজনের একক—**গ্রাম** (গ্রা.);
দৈর্ঘ্য পরিমাপের একক—**মিটার** (মি.);
তরল দ্রব্য মাপবার একক—**লিটার** (লি.)।

২। গ্রাম মিটার লিটার—এই একক তিনটিরই সঙ্গে কিলো হেক্টো ডেকা এবং ডেসি সেন্টি মিলি শব্দগুলি যুক্ত হয়।

৩। ১ গ্রামের ১০ গুণ (১০ গ্রা.) = ১ ডেকাগ্রাম (ডেকা.গ্রা.)
১ গ্রামের ১০০ গুণ (১০০ গ্রা.) = ১ হেক্টোগ্রাম (হে.গ্রা.)
১ গ্রামের ১০০০ গুণ (১০০০ গ্রা.) = ১ কিলোগ্রাম (কি.গ্রা.)

৪। ১ গ্রামের ১০ ভাগের ১ ভাগ = ১ ডেসিগ্রাম (ডে.গ্রা.)
(বা ১০ ডে.গ্রা. = ১ গ্রা.)
১ গ্রামের ১০০ ভাগের ১ ভাগ = ১ সেন্টিগ্রাম (সে.গ্রা.)
(বা ১০০ সে.গ্রা. = ১ গ্রা.)
১ গ্রামের ১০০০ ভাগের ১ ভাগ = ১ মিলিগ্রাম (মি.গ্রা.)
(বা ১০০০ মি.গ্রা. = ১ গ্রা.)

৫। ১০০০ গ্রা. = ১০০ ডেকাগ্রা.
= ১০ হে.গ্রা.
= ১ কি.গ্রা.
১ গ্রা. = ১০ ডে.গ্রা.
= ১০০ সে.গ্রা.
= ১০০০ মি.গ্রা.

আরও জেনে রাখো

৬। ১০০ কি.গ্রা. = ১ কুইণ্টাল

১০০০ কি.গ্রা. = ১ মেট্রিক টন

উপরে সর্বনিম্ন ওজন মিলিগ্রাম থেকে সর্বোচ্চ ওজন মেট্রিক টন দেখান হলো। এখন আমরা অঙ্কে ওজনের সময় কিলোগ্রাম ও গ্রাম ব্যবহার করব। বাটখারাও সেইভাবে তৈরী হয়েছে।

বাটখারা

(যা দিয়ে ওজন করতে হয়)

লোহার

৫০ কিলোগ্রাম

২০ কিলোগ্রাম

১০ কিলোগ্রাম

৫ কিলো

২ কিলোগ্রাম

১ কিলোগ্রাম

৫০০ গ্রাম

২০০ গ্রাম

১০০ গ্রাম

পিতলের

২০ কিলোগ্রাম

১০ কিলোগ্রাম

৫ কিলোগ্রাম

২ কিলোগ্রাম

১ কিলোগ্রাম

৫০০ গ্রাম

২০০ গ্রাম

১০০ গ্রাম

৫০ গ্রাম

১০ গ্রাম

১৯৫৮ সালের অক্টোবর মাস থেকে এই ওজন চালু হয়েছে।

গ্রামকে কিলোগ্রাম ও গ্রামে প্রকাশ করা

তোমরা জান ১০০০ গ্রামে এক কিলোগ্রাম। এজন্য কিলো-গ্রামের ডান দিকে তিনটা শূন্য বসালেই গ্রাম হয়। সুতরাং কিলোগ্রামকে গ্রামে নিতে হলে গ্রামের জন্য তিনটা ঘর রাখতে হবে। যেমন

৫ কিলোগ্রাম = ৫০০০ গ্রাম
৫ কিলোগ্রাম ৫০০ গ্রাম = ৫৫০০ গ্রাম
৫ কিলোগ্রাম ৫০ গ্রাম = ৫০৫০ গ্রাম
৫ কিলোগ্রাম ৫ গ্রাম = ৫০০৫ গ্রাম
৫ কিলোগ্রাম ১২৫ গ্রাম = ৫১২৫ গ্রাম

আবার গ্রামের ডান দিকের তিনটা অঙ্ক বাদ দিয়ে বিন্দু বসালে গ্রাম কিলোগ্রামে পরিণত হয়।

৩০০০ গ্রাম = ৩·০০০ কিলোগ্রাম
৩৩০০ গ্রাম = ৩·৩০০ কিলোগ্রাম
৩০৩০ গ্রাম = ৩·০৩০ কিলোগ্রাম
৩০০৩ গ্রাম = ৩·০০৩ কিলোগ্রাম
৩২৩৩ গ্রাম = ৩·২৩৩ কিলোগ্রাম

প্রশ্নমালা—পনর

১। কত কিলোগ্রাম ও গ্রাম কথায় লেখ

(১) কি.গ্রা. ৪·০০৭ (২) কি.গ্রা. ২৭·০৪০
(৩) কি.গ্রা. ২·৩৫১ (৪) কি.গ্রা. ৩·৪৫০
(৫) কি.গ্রা. ৬·০০৫ (৬) কি.গ্রা. ৭·০১২

(৭) কি.গ্রা. ৮'০১৩ (৮) কি.গ্রা. ৩'০০২
(৯) কি.গ্রা. ৩১'০৯৮ (১০) কি.গ্রা. ৬৯'৯০৮
(১১) কি.গ্রা. ১'৮৮০ (১২) কি.গ্রা. ৮০'০২০

২। **কত কিলোগ্রাম সংখ্যায় লেখ**

(১) ১২ কিলোগ্রাম ২৮ গ্রাম
(২) ৩০ কিলোগ্রাম ৪ গ্রাম
(৩) ২০ কিলোগ্রাম ৩০ গ্রাম
(৪) ১০ কিলোগ্রাম ৪০০ গ্রাম
(৫) ৩ কিলোগ্রাম ২০ গ্রাম
(৬) ৬০ কিলোগ্রাম ৬০ গ্রাম
(৭) ১২ কিলোগ্রাম ১০০ গ্রাম

৩। **কিলোগ্রামে পরিণত কর**

(১) ৬০০০ গ্রাম (২) ৫০০০ গ্রাম (৩) ৫১২৩ গ্রাম
(৪) ১০১০ গ্রাম (৫) ৭৩২০ গ্রাম (৬) ৮৮৮৮ গ্রাম
(৭) ১১৩০ গ্রাম (৮) ৪৬৭৮ গ্রাম (৯) ৫৭২৩ গ্রাম
(১০) ৭০০০ গ্রাম (১১) ৬৭৮০ গ্রাম (১২) ২০০০ গ্রাম

৪। **গ্রামে পরিণত কর.**

(১) ১৫ কি.গ্রা. ২২ গ্রা. (২) ৩৭ কি.গ্রা. ৪০১ গ্রা.
(৩) ১৮ কি.গ্রা. ২৫০ গ্রা. (৪) ১০৫ কি.গ্রা. ৫৭৫ গ্রা.
(৫) কি.গ্রা. ৬'২৭৫ (৬) কি.গ্রা. ১৯'০৮৫
(৭) কি.গ্রা. ১১৮'৮৭০ (৮) কি.গ্রা. ২১০'৬৭৯
(৯) উনআশী কিলোগ্রাম সাত গ্রাম
(১০) একান্ন কিলোগ্রাম একশ দুই গ্রাম

গ্রাম কিলোগ্রামের যোগ ও বিয়োগ

সাধারণ যোগ-বিয়োগের মত। শুধু মনে রাখবে কিলোগ্রামের নিচে কিলোগ্রাম, গ্রামের নিচে গ্রাম বসিয়ে যোগ ও বিয়োগ করতে হয়।

১।

কি.গ্রা.	গ্রা.
৪	২২৪
২৫	৬০০
+৭	৭২১
৩৭	৫৪৫

২। কি.গ্রা. ৪·২২৪
২৫·৬০০
+৭·৭২১
৩৭·৫৪৫

৩।

কি.গ্রা.	গ্রা.
১৭	১২৮
−৬	৯২৯
১০	১৯৯

৪। কি.গ্রা. ১৭·১২৮
−৬·৯২৯
১০·১৯৯

প্রশ্নমালা—ষোল

১। যোগ কর

(১)

কি.গ্রা.	গ্রা.
৩০	৭২৪
১৫	১৩০
৫	০৩০

(২)

কি.গ্রা.	গ্রা.
৩২০	৪০০
২৫	০৪০
৩	২০০

(৩)

কি.গ্রা.	গ্রা.
২৫	৬২৩
৭	০১০
৮	০০৫

(৪)

কি.গ্রা.	গ্রা.
১২	০১২
১২৫	১০১
৫	০৭৬

(৫)	কি.গ্রা.	গ্রা.	(৬)	কি.গ্রা.	গ্রা.
	৭০	০৭০		১২৫	২৫০
	৮০০	৩২০		৭৫	০৫০
	২৫	০২৭		৭	০০৭

(৭)	কি.গ্রা.	৭০·০০২	(৮)	কি.গ্রা.	৮৫·৪০০
	”	৩·২৫০		”	৩২০·০০২
	”	৪·০৪০		”	৫·০৬০
	”	২·১২৩		”	২৭·৮০০

(৯)	কি.গ্রা.	৭৮·২৫০	(১০)	কি.গ্রা.	৩৬·৭৫০
	”	৫৫·৫৫০		”	৭·০০৭
	”	৬৯·৬৯০		”	২৫·১০০
	”	৭০·২০১		”	৪০·০৪০

২। বিয়োগ কর

(১)	কি.গ্রা.	গ্রা.	(২)	কি.গ্রা.	গ্রা.	(৩)	কি.গ্রা.	গ্রা.
	১২	০০৫		৫১	৬০০		৩২৫	১২৩
	১	৩২৫		৮	৫০০		২৫	৮০০

(৪)	কি.গ্রা.	২৭·০০১	(৫)	কি.গ্রা.	২৫·২০১	(৬)	কি.গ্রা.	৬৯·৮৭৫
	”	২৫·৮৫১		”	১৫·৮৫৭		”	৫৯·০০৪

৩। সাজিয়ে নিয়ে কর

(১) কি.গ্রা. ১২·৩১৫ + কি.গ্রা. ১২৩·০০৩ + কি.গ্রা. ৭৩·২৫১

(২) কি.গ্রা. ৪৬১·১২০ + কি.গ্রা. ৭৩·৫৫০ + গ্রা. ৫৫০ + কি.গ্রা. ৩·০০০

(৩) কি.গ্রা. ২৫·২৮৫ + কি.গ্রা. ১২·১২০ + কি.গ্রা. ৭·০০১ + গ্রা. ৩২৫

(৪) কি.গ্রা. ২৭৬·১২৩ – কি.গ্রা. ১৭৫·৬০১

(৫) কি.গ্রা. ৭৩·৬৪০ – কি.গ্রা. ৮·১২০

(৬) কি.গ্রা. ৬৩·১২৪ – কি.গ্রা. ৩৩·১১১

(৭) কি.গ্রা. ৫৬·২৭০ – কি.গ্রা. ৪৪·৮৯৭

(৮) কি.গ্রা. ৮২·৩২০ – কি.গ্রা. ৭·০০১

৪। অঙ্কগুলি কর

(১) একজন ছেলে ২০ কিলোগ্রাম ৩০ গ্রাম চাল কিনল। সেই চাল থেকে ১০ কিলোগ্রাম ৩৩০ গ্রাম খরচ হলে কাছে কত চাল রইল ?

(২) একটি দোকানদার সোমবার ৫০ কিলোগ্রাম, মঙ্গলবার ২০ গ্রাম, বুধবার ৭ কিলোগ্রাম ৩০০ গ্রাম, বৃহস্পতিবার ৩ কিলোগ্রাম ৩ গ্রাম চিনি কিনল। সে মোট কত কিলোগ্রাম কত গ্রাম চিনি কিনল ?

(৩) ৭৫১ কিলোগ্রাম ৩০০ গ্রাম থেকে ৯৯৯ কিলোগ্রাম ৫০০ গ্রাম কত বেশী ?

(৪) ৫০ কিলোগ্রাম ৫০ গ্রাম, ৩০ কিলোগ্রাম ৩০ গ্রাম, ২৫ কিলোগ্রাম ৩০০ গ্রাম, ৫ কিলোগ্রাম ১৪০ গ্রাম—সব মিলিয়ে কত কিলোগ্রাম কত গ্রাম ?

গ্রাম ও কিলোগ্রামের গুণ ও ভাগ

সাধারণ গুণ ও ভাগের মত। শুধু গুণফলের ডান দিকের শেষের তিনটি ঘর (একক, দশক, শতক) ছেড়ে বিন্দু অথবা দাঁড়ি টেনে দেবে ; বাম দিকে থাকবে কিলো ডান দিকে থাকবে গ্রাম।

ভাগের সময়ও সাধারণ ভাগের মতই হবে। শুধু কিলোগ্রামের ঘর ভাগ হয়ে গেলে গ্রামের ঘর আরম্ভ করবার আগে ভাগফলের ডানে একটা বিন্দু অথবা দাঁড়ি টেনে নেবে। বিন্দুর বাম দিকের থাকবে কিলোগ্রাম আর ডান দিকে থাকবে গ্রাম।

নিচের অঙ্কগুলি দেখ

১। কি.গ্রা. ৬০˙০০৫
× ৬
৩৬০˙০৩০

কি.গ্রা.	গ্রা.
৬০	০০৫
	× ৬
৩৬০	০৩০

উত্তর কি.গ্রা. ৩৬০˙০৩০

২। কি.গ্রা. ২৫˙২১০
× ১২
৫০৪২০
২৫২১০
৩০২˙৫২০

কি.গ্রা.	গ্রা.
২৫	২১০
	× ১২
	৫০৪২০
	২৫২১০
	৩০২˙৫২০

উত্তর কি.গ্রা. ৩০২˙৫২০

৩। কি.গ্রা. ২৫·২৫০ ÷ ৫

```
       ৫·০৫০
   ---------
৫ | ২৫·২৫০
  | ২৫
  |   ২৫
  |   ২৫
  |    ০
```

৫·০৫০

কি.গ্রা.	গ্রা.
২৫	২৫০
২৫	
২৫	
২৫	
০	

উত্তর কি.গ্রা. ৫·০৫০

প্রশ্নমালা—সতর

১। **গুণ কর**

(১) ৩০ গ্রা. × ২
(২) ২০গ্রা. × ১০
(৩) ৪৫০ গ্রা. × ৩
(৪) কি.গ্রা. ২·৩০০ × ৬
(৫) কি.গ্রা. ৫·২৫০ × ৭
(৬) কি.গ্রা. ২৭·০০০ × ১০
(৭) কি.গ্রা. ৪০·০৪০ × ১২
(৮) কি·গ্রা. ২৭·৫০০ × ৭
(৯) কি.গ্রা. ৩৯·৫০৫ × ১৫
(১০) কি.গ্রা. ২৫·০২৫ × ২৫

(১১)

কি.গ্রা.	গ্রা.
২৫০	৩২১
	× ২৫

(১২) কি.গ্রা. ২১০·০২৭
× ২২

(১৩)

কি.গ্রা.	গ্রা.
২৫	২৫০
	× ১২

(১৪) কি.গ্রা. ৪০·৩২৫
× ৪২

২। **ভাগ কর**

(১) ৪০ গ্রা. ÷ ২
(২) ৫০ গ্রা. ÷ ৫
(৩) ২০ কি.গ্রা. ৩০০ গ্রা. ÷ ২
(৪) ৪০ কি.গ্রা. ১৪০ গ্রা ÷ ৪
(৫) ২২ কি.গ্রা. ৪০০গ্রা. ÷ ২
(৬) ১০ কি.গ্রা. ৬২৫ গ্রা. ÷ ৫

(৭) ৩০ কি.গ্রা. ৩৩০ গ্রা. ÷ ৩ (৮) কি.গ্রা. ৮০·৩২০ ÷ ২

(৯) কি.গ্রা. ২০·০৩০ ÷ ১০ (১০) কি.গ্রা. ২৫·২৫০ ÷ ৫

৩। **অঙ্কগুলি কর**

(১) ৩২০ কিলো চাল ১০ জন লোকের মধ্যে সমান ভাগে ভাগ করে দিলে এক একজন কত কিলো পাবে ?

(২) একজন লোক প্রতিদিন ২২৫ গ্রাম করে চাল খেলে ৭ দিনে তার কত চাল লাগবে ?

(৩) ২৫ কিলোগ্রাম ৫২৫ গ্রাম ময়দা ৫ জনের মধ্যে সমান ভাগে ভাগ করে দিলে এক একজন কত পাবে ?

(৪) ৩০০ কিলোগ্রাম ৩০০ গ্রামের তিনগুণ কত ?

(৫) ২০০ কিলোগ্রাম ১০০ গ্রামের দুই ভাগের এক ভাগ কত ?

(৬) ৪ জনে প্রত্যেকে ৬ কিলোগ্রাম ৬০০ গ্রাম জিনিস কিনলে মোট ওজন কত হবে ?

(৭) ৪০ কিলোগ্রাম ৪০০ গ্রাম চাল ১০ জনের মধ্যে সমান-ভাবে ভাগ করে দিলে প্রত্যেকে কত পাবে ?

(৮) ৫ টাকায় ২০ কিলোগ্রাম চাল কিনলে ১ টাকায় কত কিলোগ্রাম চাল পাওয়া যাবে ?

(৯) রেশনের দোকান থেকে প্রতিদিন ১০ কিলোগ্রাম ১০০ গ্রাম হিসাবে চাল পেলে এক সপ্তাহের জন্য কত চাল আনবে ?

(১০) ৭ কিলোগ্রাম ২৩৮ গ্রামকে ৭ ভাগ কর। তারপর তার চার গুণ নাও। যা পেলে তা জমা রেখে দাও। কত জমা রাখবে ?

দৈর্ঘ্য পরিমাপ

CENTIMETRE 1 2 3 4 5 6 7 8 9 10

উপরের স্কেলটিতে ১০টা বড় ভাগ আছে। প্রতিটি ভাগ ১ সেন্টিমিটার। সম্পূর্ণ স্কেলটির দৈর্ঘ্য ১০ সেন্টিমিটার বা ১ ডেসিমিটার। প্রত্যেক সেন্টিমিটারকে আবার ছোট ছোট দাগ দিয়ে ১০ ভাগ করা হয়েছে—এর এক এক ভাগ—১ মিলিমিটার। সুতরাং স্কেলটির দৈর্ঘ্য—১০ সেন্টিমিটার = ১ ডেসিমিটার = ১০০ মিলিমিটার।

এইরূপ ১০টি স্কেল পরপর জুড়ে দিলে পাব—

১০০০ মিলিমিটার = ১০০ সেন্টিমিটার = ১০ ডেসিমিটার = ১ মিটার।

১০০০ মিটার = ১ কিলোমিটার।

গ্রামের মতই মিটারের হিসাব হয়। ওজনের জন্য গ্রাম, আর দৈর্ঘ্য মাপবার জন্য মিটার। তাই তোমাদের নতুন করে কিছু শেখবার নাই। ওজনের সময় আমরা সাধারণতঃ গ্রাম ও কিলোগ্রাম ব্যবহারের কথা জেনেছি। তেমনি দৈর্ঘ্য পরিমাপের সময় প্রধানতঃ আমরা ব্যবহার করব সেন্টিমিটার, মিটার ও কিলোমিটার।

প্রশ্নমালা—আঠার

১। **মিটারে পরিবর্তন কর**

(১) ৪ কিলোমিটার

(২) ৩ কিলোমিটার

(৩) ২ কিলোমিটার ৩০০ মিটার
(৪) ৪ কিলোমিটার ৫০০ মিটার
(৫) ৮ কিলোমিটার ৩ মিটার

২। সেন্টিমিটারে পরিবর্তন কর

(১) ৪ মিটার (২) ১০ মিটার (৩) ৭ মিটার ৩০ সেন্টিমিটার
(৪) ৭ মিটার ২ সেন্টিমিটার (৫) ৫ মিটার ১২ সেন্টিমিটার

৩। কিলোমিটারে পরিবর্তন কর

(১) ১৩২৫ মিটার (২) ৪০০০ মিটার (৩) ৭২৫৬ মিটার
(৪) ১০৩৪২ মিটার (৫) ৫৬৭১ মিটার (৬) ৭৮০৩ মিটার

যোগ, বিয়োগ, গুণ ও ভাগ

(মিটার কিলোমিটার)

১।

কি.মি.	মি.
২	২২৫
৫	৫০০
২৫	৩০০
+১	১০১
৩৪	১২৬

২।

মি.	সে.মি
৪	২৬
৭	১২
+৮	১৫
১৯	৫৩

৩।

কি.মি.	মি.
৬০	৫০০
−১০	৩৯০
৫০	২০[illegible]

৪।

মি.	সে.মি
৮	৯০
−৩	৬০
	৩০

৫। ৮ কি.মি. ১৫০ মি. × ৬

```
 ৮·১৫০
     ৬
------
৪৮·৯০০
```

উত্তর = ৪৮ কি.মি. ৯০০ মি.

৬। ১৬ কি.মি. ৪০০ মি. ÷ ৪

```
     ৪·১০০
  ---------------------
৪ | ১৬ কি.মি.  ৪০০ মি.
  | ১৬
  |------
  |    ৪
       ৪
```

উত্তর ৪ কি.মি. ১০০ মি.

৭। ১৪ কি.মি. ৩২০ মি. ÷ ৪

```
     ৩·৫৮০
৪ | ১৪ কি.মি. ৩২০ মি.
  | ১২
  |--
  |   ২৩
  |   ২০
  |    ৩২
  |    ৩২
       --
```

উত্তর = ৩ কি.মি. ৫৮০ মি.

প্রশ্নমালা—উনিশ

১। যোগ কর

(১) মি.	সে.মি	(২) মি.	সে.মি.	(৩) মি.	সে.মি
৪	৪০	১১	৫১	৪	০৪
৫	২৫	১	০২	৩	০৪
৮	০৭	৫	৮০	১২	০১

(৪)	কি.মি.	মি.	(৫)	কি.মি.	মি.	(৬)	কি.মি.	মি.
	২	১০০		৫১	০৫৬		৭৩০	০২৫
	৫০	০৭৮		২	০১০		১২	০০৫
	১২০	০০৫		১১০	০০৫		৭	০০৮

২। বিয়োগ কর

(১)	মি.	সে.মি.	(২)	মি.	সে.মি.	(৩)	মি.	সে.মি.
	১৫	৪০		১২	৩০		২৫	২৫
	১	৫০		১১	২০		১২	১২

(৪)	কি.মি.	মি.	(৫)	কি.মি.	মি.	(৬)	কি.মি.	মি.
	২০	১১০		৫০	১২৩		৪২	৪৫৩
	১১	০১০		৪২	০২২		১১	১১০

৩। গুণ কর

(১)	মি.	সে.মি.	(২)	মি.	সে.মি.	(৩)	মি.	সে.মি.
	১০	১০		১২	০৬		৩০	১০
		৩			৫			৬

(৪)	কি.মি.	মি.	(৫)	কি.মি.	মি.	(৬)	কি.মি.	মি.
	১০	১২৫		১২	০৪০		৩০	০১৫
		৪			৮			৯

৪। ভাগ কর

(১) ১২ কি.মি. ৩০০ মি. ÷ ২
(২) ১০ মি. ২৫ সে.মি. ÷ ৫
(৩) ৭০ মি. ৬০ সে.মি. ÷ ৫
(৪) ২০ কি.মি. ০২০ মি. ÷ ৪
(৫) কি.মি. ৩৫·০৩০ ÷ ২
(৬) মি. ৮০·৪০ ÷ ৪
(৭) কি.মি. ৩৬·০৩৬ ÷ ৬
(৮) মি. ৩২·১২ ÷ ২

৫। অঙ্কগুলি কর

(১) একটা গাড়ি এক ঘণ্টায় ২৭ কিলোমিটার যায়। ৫ ঘণ্টায় কত কিলোমিটার যাবে ?

(২) একটা লোক প্রতিদিন ৩ কিলোমিটার ২০০ মিটার পথ প্রাতঃভ্রমণ করে। ৭ দিনে সে কতটা পথ যায়।

(৩) তুমি রেলগাড়িতে ২০০ কিলোমিটার, নৌকায় ১২ কিলোমিটার, মোটরে ২৫ কিলোমিটার ১৩৭ মিটার, রিক্সায় ৭৫০ মিটার রাস্তা গেলে। মোট কতটা পথ তুমি গেলে ?

(৪) ২৫০ কিলোমিটার ১৫০ মিটারের অর্ধেক কত ?

(৫) তুমি প্রতিদিন সমান পথ হেঁটে গিয়ে দুইদিনে ৫০ কিলোমিটার ২০০ মিটার পার হলে। তাহলে একদিনে তুমি কতটা পথ হেঁটেছ ?

(৬) তোমাকে ২৫০ কিলোমিটার দূরে এক জায়গায় যেতে হবে। তুমি অর্ধেক গিয়ে আর গেলে না। কত কিলোমিটার গিয়ে তুমি থামলে ?

(৭) ৩৬০ মিটার থেকে ১০০ মিটার কম হলে কত মিটার থাকবে ?

তরল জিনিসের পরিমাপ

লিটার

তোমরা যেমন পয়সা, ওজন, এবং দৈর্ঘ্য পরিমাপ শিখেছ, সে রকম তরল জিনিস মাপবার জন্যও একটা নতুন একক শিখবে—তার নাম **লিটার**।

গ্রাম ও মিটারের মতই লিটারের সব হিসাবগুলি করতে হয়। নামগুলোও সে রকম।

লিটার, ডেকালিটার, হেক্টোলিটার, কিলোলিটার, ডেসিলিটার, সেন্টিলিটার, মিলিলিটার ইত্যাদি।

লিটারের অঙ্ক গ্রাম ও মিটারের মত। শুধু গ্রাম না লিখে লিটার লিখতে হয়।

লিটারের যোগ, বিয়োগ, গুণ, ভাগ—সবই গ্রাম ও মিটারের যোগ বিয়োগ গুণ ও ভাগের মতই হবে।

লিটারের বড় একক	**লিটারের ছোট একক**
ডেকালিটার	ডেসিলিটার
হেক্টোলিটার	সেন্টিলিটার
কিলোলিটার	মিলিলিটার

বড় এককগুলি দশ গুণ করে বেড়েছে আর ছোট এককগুলি দশ ভাগ করে কমেছে।

কাল বিভাগ

দিনরাত কাকে বলে তোমরা জান। যতক্ষণ সূর্যের আলো থাকে ততক্ষণ দিন। সূর্য ডুবে গেলে বলি রাত। কিন্তু একদিন বলতে, একদিন ও একরাতকে একসঙ্গে বুঝায়। অর্থাৎ এক সূর্য উদয় থেকে আর এক সূর্য উদয় পর্যন্ত একদিন। রোজই দিন-রাত হচ্ছে ও হবে।

দিন হলো সময় বা **কাল**।

দু'দিন মানে একদিনের দুইগুণ সময় বা কাল।

তিন দিন মানে একদিনের তিনগুণ সময়।

এমনি করে হিসাব করা বা বুঝান বড় গোলমেলে। এজন্য নির্দিষ্ট সময় ভাগ করে দিয়ে একটা করে নাম দেওয়া আছে।

তাকেই বলে কাল বিভাগ।

১ দিন শেষ হতে ২৪ ঘণ্টা লাগে। তারপর আবার নতুন করে আর একটা দিন আরম্ভ হয়। এমনি করে প্রত্যেক ২৪ ঘণ্টার পরেই একটা করে নতুন দিন আসে। দিনগুলির একটা করে নাম দেওয়া আছে। তোমরা সে নাম জান।

রবি, সোম, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি।

এই সাতটি নামে সাতটি দিন। এক একটি দিন তোমরা জান **২৪ ঘণ্টা**।

এই সাতটি দিন এক করে নাম দেওয়া আছে **সপ্তাহ**।

প্রতি রবিবারে একটি করে নতুন সপ্তাহ আরম্ভ হয়।

মানে রবিবার থেকে শনিবার পর্যন্ত হয়ে গেলেই আবার রবিবার থেকে গুণতে হয়।

সাত দিন সাত বার
আসে যায় বারবার।

সাধারণভাবে ৩০ দিনে এক **মাস** ধরা হয়, যদিও সব মাস ৩০ দিনে হয় না; কমবেশী আছে। ১২ মাসে ১ বৎসর হয়। **১ বৎসরে** ৩৬৫ দিন এবং ৫২ সপ্তাহ।

মাসের নাম

বৈশাখ, জ্যৈষ্ঠ, আষাঢ়, শ্রাবণ, ভাদ্র, আশ্বিন, কার্তিক, অগ্রহায়ণ, পৌষ, মাঘ, ফাল্গুন ও চৈত্র।

স্কুলে, অফিসে, কল-কারখানায় প্রায় সর্বত্রই ইংরেজি **মাস** অনুযায়ী হিসাব রাখা হয়।

ইংরেজি সাত দিনের নাম

সান্‌ডে, মান্‌ডে, টিউস্‌ডে, ওয়েন্‌স্‌ডে, থারস্‌ডে, ফ্রাইডে ও স্যাটার্‌ডে।

ইংরেজি বার মাসের নাম

জানুয়ারী, ফেব্রুয়ারি, মার্চ, এপ্রিল, মে, জুন, জুলাই, আগস্ট, সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর।

ইংরেজি কোন মাস কত দিনে

ত্রিশ দিনেতে হয় মাস সেপ্টেম্বর ;
সেইরূপে এপ্রিল, জুন আর নভেম্বর।
আঠাশ দিনেতে সবে ফেব্রুয়ারি ধরে,
একদিন বাড়ে তার চতুর্থ বৎসরে।
আর আর মাস যত একত্রিশ দিনে ;
জানিবে ইংরেজি মাস এইরূপে গণে।

তোমরা শিখলে

জানুয়ারি	—৩১	দিন	জুলাই	—৩১	দিন
ফেব্রুয়ারি	—২৮	”	আগস্ট	—৩১	”
মার্চ	—৩১	”	সেপ্টেম্বর	—৩০	”
এপ্রিল	—৩০	”	অক্টোবর	—৩১	”
মে	—৩১	”	নভেম্বর	—৩০	”
জুন	—৩০	”	ডিসেম্বর	—৩১	”

ফেব্রুয়ারি মাস ২৮ দিনে হয় কিন্তু প্রতি ৪ বৎসর অন্তর ১ দিন বেড়ে ২৯ দিনে হয়। যে বৎসর ২৯ দিনে ফেব্রুয়ারি মাস হয় সেই বৎসরে ৩৬৬টি দিন হয়। আর সেই বৎসরকে **লিপ-ইয়ার** বলে।

২৪ ঘণ্টায়	১ দিন
৭ দিনে	১ সপ্তাহ
৩০ দিনে	১ মাস
১২ মাসে	১ বৎসর
৩৬৫ দিনে	১ বৎসর
৫২ সপ্তাহে	১ বৎসর

দিন, সপ্তাহ, মাস ও বৎসরের মধ্যে দিন সবচেয়ে ছোট। দিন থেকেও ছোট সময় মাপবার নাম **ঘণ্টা**। ঘণ্টা থেকেও ছোট সময় মাপবার নাম **মিনিট**। মিনিট থেকেও ছোট সময় মাপবার নাম **সেকেণ্ড**।

সময় মাপবার জন্যে সেকেণ্ড হলো সবচেয়ে ছোট সময়। ঘড়ির কাছে গেলে যে টিক্ টিক্ শব্দ শোন, প্রত্যেকটি শব্দের ব্যবধান হচ্ছে এক এক সেকেণ্ড।

৬০ সেকেণ্ডে ১ মিনিট
৬০ মিনিটে ১ ঘণ্টা
২৪ ঘণ্টায় ১ দিন।

ঘড়ি দেখে সময় ঠিক করা

আগে লোকেরা দিনের বেলায় সূর্যের ছায়া দেখে এবং রাতে আকাশের তারা দেখে সময় ঠিক করে নিত। কিন্তু মেঘলা দিনে? তখন তো আর সূর্যের ছায়া বা রাতের তারা দেখা যায় না। এই অসুবিধা দূর হয়েছে ঘড়ি আবিষ্কার হওয়ায়। এখন দিনেই হোক বা রাতেই হোক সময় দেখার কোন অসুবিধা হয় না। ঘড়ির গায়ে সময়ের দাগ আঁকা আছে। তুটো কাঁটা সে দাগগুলি ছুঁয়ে সময় বলে দেয়। কাঁটা তুটোর নাম—**মিনিটের কাঁটা** ও **ঘণ্টার কাঁটা**। কোনো কোনো ঘড়িতে আবার **সেকেণ্ডের কাঁটাও** থাকে। ঘণ্টার কাঁটা, এবং মিনিটের কাঁটা মিলিয়ে সময় দেখতে হয়।

সেকেণ্ডের কাঁটা মিনিটের কাঁটা ঘণ্টার কাঁটা

ঘড়ি

সেকেণ্ডের কাঁটার চাকতিটা ৬০ ভাগে ভাগ করা। এক একটা ভাগ এক এক সেকেণ্ডে নির্দেশ করে। সেকেণ্ডের কাঁটাটা একবার সম্পূর্ণ চাকতিটা ঘুরে এলে ৬০ সেকেণ্ড বা ১ মিনিট হয়। মিনিট ও ঘণ্টার কাঁটার চাকতিটাও ৬০ ভাগে ভাগ করা। মিনিটের কাঁটাটা একবার সম্পূর্ণ ঘুরে এলে ৬০ মিনিট বা ১ ঘণ্টা হয়, তখন

ঘণ্টার কাঁটাটা ৫ ভাগ বা ১ ঘর সরে যায়। ঘণ্টার কাঁটাটা এই ভাবে ৬০ ভাগ বা ১২ ঘর ঘুরে এলে ১২ ঘণ্টা হয়। তোমরা জান ২৪ ঘণ্টায় ১ দিন; অর্থাৎ ১ দিনে (দিন ও রাত্র মিলিয়ে) ঘণ্টার কাঁটাটা ২ বার সারা চাকতিটা ঘুরে যায়।

কি করে ঘড়ি দেখতে হবে

ঘড়ির গায়ে দেখবে—I, II, III, IV, V, VI, VII, VIII, IX, X, XI, XII—এরকম কতকগুলি দাগ আছে। একে বলে, রোমান সংখ্যা। এগুলি হচ্ছে, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২। অনেক ঘড়িতে ইংরাজিতে 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10, 11, 12 লেখা আছে।

রোমান সংখ্যা

ইংরেজি সংখ্যা

বড় কাঁটা (মিনিটের কাঁটা) আর ছোট কাঁটা (ঘণ্টার কাঁটা) যখন একসঙ্গে ১২টার ঘরে এসে দাঁড়ায় তখন ১২টা বাজে। সব সময় বড় কাঁটা ১২টার ঘরে এসে একবার ঘোরা শেষ করে আবার নতুন করে ঘোরা আরম্ভ করে। ঘুরে আবার ১২টার ঘরে এলে ১ ঘণ্টা হয়। ঘড়ির কাঁটা ডানদিকে সরতে থাকে ১২টার ঘর থেকে

বড় কাঁটা ডানদিকে যত দাগ এগিয়ে যাবে, তত দাগ গুণে বুঝতে হয় ঘণ্টা হয়েও ততগুলি মিনিট বেশি হয়েছে। সারা চাকতি জুড়ে ঘড়ির গায়ে ৬০টি দাগ টানা আছে আর ১ থেকে ১২ পর্যন্ত সংখ্যা লেখা আছে। ৬০টি দাগ হলো ৬০ মিনিট, বারটি সংখ্যা হলো বার ঘণ্টা। মিনিটের দাগ গুণতে হয় ১২টার ঘর থেকে।

ঘড়ির ছবিগুলি লক্ষ্য করে দেখ—১২টার ঘর থেকে বড় কাঁটা ডান দিকে সরতে সরতে আবার যখন ১২টার ঘরে এসেছে, ছোট কাঁটা তখন ১টার ঘরে চলে গেছে। মানে এক ঘণ্টা হয়েছে। তারপর আবার নতুন করে ঘুরতে আরম্ভ করবে।

কোন ঘড়িতে কয়টা বেজেছে বল

মুখে মুখে উত্তর দাও

কত সেকেণ্ডে এক মিনিট ? কত মিনিটে এক ঘণ্টা ? কত ঘণ্টায় ১ দিন ? কত দিনে এক সপ্তাহ ? কত দিনে এক মাস ? কত দিনে এক বৎসর ? কত সপ্তাহে এক বৎসব ?

ঘড়ির বড় কাঁটা দেখে কি বুঝবে—মিনিট না ঘণ্টা ? ছোট কাঁটা দেখে কি বুঝবে ? ছোট কাঁটাব ১ ঘব বদলাতে কত সময় লাগে ?

বাঙলা সাত দিনেব নাম বল। ইংবেজী সাত দিনেব নাম বল। বাঙলা বাব মাসেব নাম বল। ইংবেজি বাব মাসেব নাম বল।

কোন মাস কত দিনে হয় ?

জানুয়ারি—	ফেব্রুয়াবি—
মার্চ—	এপ্রিল—
মে—	জুন—
জুলাই—	আগস্ট—
সেপ্টেম্বর—	অক্টোবর—
নভেম্বব—	ডিসেম্বর—

কত বছর পবে ফেব্রুয়াবী মাসে ১ দিন বেশি হয় ?

ছয় মাসে কত সপ্তাহ ?

লিপ-ইয়ার কা'কে [illegible]?

প্রশ্নমালা—কুড়ি

অঙ্কগুলি কর

১। তিন ঘণ্টায় কত মিনিট ? ৪০ মিনিটে কত সেকেণ্ড ? এক সপ্তাহে কত ঘণ্টা ?

২। তিন বৎসব ছয় মাসে কত দিন। দুই বৎসরে কত দিন ?

৩। তিন বৎসর থেকে চার বৎসব কত দিন বেশি ?

৪। তুমি ভোর ৬টা থেকে ৮টা আর সন্ধ্যা ৭-৩০ মিঃ থেকে ৮-৩০ মিঃ লেখা-পড়া কর। তুমি প্রতিদিন মোট কত সময় লেখা-পড়া কব ?

৫। তোমার মা, তোমাকে ৭-২০ মিনিটেব সময় বাজাবে পাঠালেন। তুমি ৮-৩০ মিনিটে বাড়ি ফিবে এলে। কতক্ষণ বাজাবে ছিলে ?

৬। ভোর ৬-১৫ মিনিট থেকে ১২টা কত সময় ?

৭। তুমি বেলা ১-৩০ মিনিটে স্টেশনে পৌঁছলে। ৩-৩০ মিনিটে গাড়ি এলো। গাড়ি আশার পূর্বে তুমি কতক্ষণ স্টেশনে ছিলে ?

৮। ১০-২০ মিনিটে যে গাড়ি আসবার কথা ছিল ২ ঘণ্টা পরে সে গাড়ি এলে তখন কয়টা বেজেছিল ?

৯। তোমার বাবার অফিস ১০টা থেকে ৫টা পর্যন্ত ; মাঝে আধঘণ্টা টিফিনের ছুটি—মোট কত ঘণ্টা অফিসে কাজ হয় ?

১০। কোনো কারখানায় ৮-৩০ মিঃ থেকে ১২টা পর্যন্ত কাজ হয়ে আবার ১টা থেকে ৪-৩০ মিঃ পর্যন্ত কাজ হয়। সকালের দিকে কতক্ষণ কাজ হয় ? দুপুরের দিকে কতক্ষণ কাজ হয় ? মোট কত ঘণ্টা কাজ হয় ?

ক্ষেত্র অঙ্কণ

তোমাদের বাড়ি, তোমাদের স্কুল, খেলার মাঠ সব কিছুরই একটা সীমানা ও আকার আছে। এই সীমানার মধ্যে যে জায়গাটা থাকে তাকে বলে ক্ষেত্র।

কাগজে যদি এই সীমানা বা ক্ষেত্র আঁকতে হয় তবে কোনোটি গোল, কোনোটি চার কোনা, কোনোটি তিন কোনা ইত্যাদি হয়।

কোনো জায়গার সীমানা বা মাপ দেখতে হলে বা আঁকতে হলে রেখার সাহায্যে আঁকতে হয়।

রেখা দু'রকমের

১। **সরল রেখা**—যে রেখা সোজা হয়।

২। **বক্ররেখা**—যে রেখা সোজা না হয়ে এঁকে বেঁকে যায়।

সরল রেখা

বক্র রেখা

কোণ

দুটো সরল রেখা এক জায়গায় এসে মিললে তার মধ্যবর্তী স্থানকে কোণ বলে।

রেখা দিয়ে ক্ষেত্র আঁকতে বা মাপতে হয়। ক্ষেত্র অনেক রকম।

বর্গ ক্ষেত্র

যে ক্ষেত্রটির চারপাশ সমান মাপের আর কোণগুলি সমান তাকে বর্গক্ষেত্র বলে।

আয়ত ক্ষেত্র

যে ক্ষেত্রের বিপরীত পাশ দুটো সমান ও কোণগুলিও সমান তাকে আয়ত ক্ষেত্র বলে।

ত্রিভুজ

যে ক্ষেত্র তিনটি সরলরেখার দ্বারা সীমাবদ্ধ এবং যার তিনটি কোণ থাকে তাকে ত্রিভুজ বলে।

বৃত্ত

যে ক্ষেত্রটি গোল তাকে বৃত্ত বলে।

মুখে মুখে বল

ক্ষেত্র কাকে বলে? রেখা ক'রকম? সরল রেখা কাকে বলে? বক্ররেখা কাকে বলে? বর্গক্ষেত্র কাকে বলে? আয়তক্ষেত্র কাকে বলে? ত্রিভুজ কাকে বলে? বৃত্ত কাকে বলে? কোণ কাকে বলে?

উত্তরমালা

প্রশ্নমালা—এক

১। (১) ৬, (২) ২, (৩) ৪, (৪) ২; (৫) ৫, (৬) ৩, (৭) ৮, (৮) ৪; (৯) ২, (১০) ৬; (১১) ১০, (১২) ৪, (১৩) ৫; (১৪) ৫; (১৫) ৭;

২। (১) ১২, (২) ১; (৩) ১৪; (৪) ২ (৫) ৯; (৬) ৩ (৭) ১৬; (৮) ১

৩। (১) ২; (২) ৪; (৩) ০; (৪) ৩, (৫) ২; (৬) ৫; (৭) ২; (৮) ০;

৪। (১) ১৬; (২) ১৬; (৩) ৬; (৪) ১৮, (৫) ২৪; (৬) ১৬; (৭) ৯; (৮) ১৮;

৫। (১) ৬; (২) ৫; (৩) ৬, (৪) ১; (৫) ১২, (৬) ৬; (৭) ১২; (৮) ১২; (৯) ১২; (১০) ৪; (১১) ১২; (১২) ৩২; (১৩) ৩২; (১৪) ১২; (১৫) ৩২; (১৬) ৬;

৬। (১) ৩×৬; (২) ৩+৩+৩+৩+৩+৩; (৩) ৬×৪; (৪) ৩+৩+৩+৩+৩+৩+৩+৩; (৫) ৩×৩; (৬) ২+২+২+২+২+২+২; (৭) ৫×৬; (৮) ৫+৫+৫+৫+৫+৫+৫; (৯) ৭×৫; (১০) ৭+৭+৭+৭; (১১) ৮×৫; (১২) ৮+৮+৮+৮+৮+৮; (১৩) ৯×৫, (১৪) ৫+৫+৫+৫+৫;

প্রশ্নমালা—দুই

১। ৩০টি বই। ৩১২ পৃষ্ঠা। ৯৯৯টি কাপড়। ১৪৯টি পাতা। ৩০০ টাকা। ১০১টি ফুল। ১১০টি বই। ১১১৩টি পাখি। ১০৩০৮টি গরু। ২৬৯৯৯টি বল।

২। এগারটি গরু। নয় শত উনিশটি গাড়ি। চার শত সত্তরটি পেয়ালা। একশত একটি ঘোড়া। এক হাজার পাঁচশত তেরটি বই। বার হাজার পাঁচশত পনের জন সৈন্য। এগার হাজার পাঁচশত একটি গাছ। একুশ হাজার বাইশটি টাকা। বার হাজার জন লোক। চোদ্দহাজার দুইটি কলম। সাতাশ হাজার একশত দুইটি কলা।

৩। ২ ;—; ৫ ; ২ ; ৩ ;—; ৪ ; ০ , ৫

৪। ৫ ; ৫ ; ২ ; ৬ ;—; — ; ৭

৫। ৫ ; ৩ ; ৮ , ৯ ; ১ ; ৫ ; ১ , ২ ; ০

৬। ৭ ; ১২ ; ১৮ ;—; ৮

৭। শতকের ঘরে—৫ ; ৭ ; ৬ ; ১ ; ৪
হাজারের ঘরে —৭ ; ১৮ ; ২১ ; ৯ ; ৭

৮। এককের ঘরে—৫ ; ৪ ; ২ ; ৭ ; ৫ ; ৩ ; ২
দশকের ঘরে—২ , ৭ ; ১ ; ০ ; ১ ; ১ ; ০

প্রশ্নমালা—চার

১। (১) ৪৯ ; (২) ১৭২ , (৩) ৯৯ , (৪) ৯৮ ,
(৫) ৫৫ ; (৬) ১৩৩ , (৭) ৩৪১ , (৮) ৭৭১ ;
(৯) ৭১০ ; (১০) ১১৩৬ , (১১) ১৯৬০৩ ; (১২) ১০১৫৩ ,
(১৩) ১৫০২ ; (১৪) ১০২৯ ; (১৫) ১০৭২৯ , (১৬) ১২৯৬৬ ;
(১৭) ২২৯৯৮ ; (১৮) ১০১৮৪ ; (১৯) ৪১৮৭ ; (২০) ২২১৩২ ;

২। (১) ২৯ ; (২) ৭৪ , (৩) ৫৪ , (৪) ৪৭৭ ;
(৫) ৫৬৮ ; (৬) ৯৮১২ ; (৭) ৭১০১ , (৮) ১০৪৩৯।

৩। (১) ২১২৯। (২) ১৮৭০০। (৩) ২০৬১৮। (৪) ১৫৬০। (৫) ১৪৫।

৪। (১) ৮৮। (২) ১৩০। (৩) ১১৫। (৪) ৫২৭।

প্রশ্নমালা—পাঁচ

১। (১) ৩ ; (২) ৫ ; (৩) ২৫ , (৪) ৩ ;
(৫) ৪ ; (৬) ৪৯ ; (৭) ১৩ ; (৮) ২০ ;
(৯) ৬১০ ; (১০) ৭১২ ; (১১) ৩৪৪ ; (১২) ৭৮৭ ;
(১৩) ৭২ ; (১৪) ৪৬ ; (১৫) ৩৯ ; (১৬) ১৯ ;
(১৭) ৭৮৭ ; (১৮) ৪৭৮ ; (১৯) ৮৮৩ ; (২০) ৫৬৯ ;

(২১) ২৭ ; (২২) ২৯৭ , (২৩) ৯১ ; (২৪) ৭০২ ;

(২৫) ১১১ ; (২৬) ৭১০০ , (২৭) ২২৬ ; (২৮) ১১৭৩ ।

২। (১) ২২ ; (২) ২৪ ; (৩) ১৮ ; (৪) ২২ ;

(৫) ৭ ; (৬) ১০ ; (৭) ২৯ ; (৮) ২২ ,

(৯) ৬২ ; (১০) ৭০ ; (১১) ২৪২ ; (১২) ২৮৬ ;

(১৩) ৯২৫ ; (১৪) ৮৩ , (১৫) ৩ ।

৩। (১) ৪৬০ ; (২) ৬২ ; (৩) ১৫০ ; (৪) ১৩ ; (৫) ৫০

(৬) ৮৯৯ ; (৭) ১০০ ; (৮) ৭৫ , (৯) ২০ ; (১০) ৪৫

প্রশ্নমালা—ছয়

১। (১) (১১+৫)−(৭+[illegible]) ; (২) (২৫+১০+২)−(৫+৫) ;

(৩) (১+৪+৪+৬)−(৩+৫) ; (৪) (৩+৫+৮)−(৬+৪) ;

(৫) (১২+৫)−(১+১+১) ; (৬) (১০+২২+১৩)−(৪+৫) ;

(৭) (৯+২)−(৫+৪) . (৮) (১৩+৪+৬০)−(২৫−৩) ।

২। (১) ৬ , (২) ৮ , (৩) ১১ ; (৪) ২ ;

(৫) ০ ; (৬) ১০ ; (৭) ৮০ ; (৮) ৫০ ;

(৯) ৬৪ ; (১০) ৫৩ , (১১) ২০ ; (১২) ০ ;

৩। (১) ০ ; (২) ৩৮ টাকা ; (৩) ৩০ জন ; (৪) ৪৫টা আম ;

(৫) ৩৫০টি গরু ; (৬) ৫ টাকার খেলনা ।

প্রশ্নমালা—সাত

১। (১) ২১ ; ৪২ ; ৬৩ ; ৮৪ ; ১০৫ ; ১২৬ , ১৪৭ ; ১৬৮ ; ১৮৯ ; ২১০ ।

(২) ২২ ; ৪৪ ; ৬৬ ; ৮৮ ; ১১০ ; ১৩২ ; ১৫৪ ; ১৭৬ ; ১৯৮ ; ২২০ ।

(৩) ২৩ ; ৪৬ ; ৬৯ ; ৯২ ; ১১৫ ; ১৩৮ ; ১৬১ ; ১৮৪ ; ২০৭ ; ২৩০ ।

(৪) ২৪ ; ৪৮ ; ৭২ ; ৯৬ ; ১২০ ; ১৪৪ ; ১৬৮ ; ১৯২ ; ২১৬ ; ২৪০ ।

(৫) ২৫ ; ৫০ ; ৭৫ ; ১০০ ; ১২৫ ; ১৫০ ; ১৭৫ ; ২০০ ; ২২৫ ; ২৫০ ।

২। (১) ৫২৮ ; (২) ৬৫৮ ; (৩) ৭৯২ ; (৪) ৭৯২ ;

(৫) ৪২০ ; (৬) ৩৭২ ; (৭) ১০৪৪ ; (৮) ১২০৫ ;

(৯) ২৫৪৪ ; (১০) ১৬৯০ ; (১১) ১৪০২৫ ; (১২) ১৯৭১২ ;

(১৩) ৯২০৭ ; (১৪) ২৯১৫৪ ; (১৫) ৮৭৮৫ ; (১৬) ৫২০৮ ;

(১৭) ২৩১৫৫ ; (১৮) ২৬২২০ ; (১৯) ৪৮৭২০ ; (২০) ৬৩৭৯১ ;

৩। (১) ৫০ , (২) ১৩৪ , (৩) ৮২৪ , (৪) ২২৫০ ,
(৫) ১২৫৫ , (৬) ৫৮৪০ , (৭) ৩৯৬৯ , (৮) ২৮০০ ,
(৯) ৮০৪০ , (১০) ৭৮০০ , (১১) ৬৩৮৫৮ , (১২) ২৭৪৭৫ ,
(১৩) ৩৭৮৩০ , (১৪) ৬১৬৯৮ , (১৫) ২০৫০ , (১৬) ১১৯৮৮ ,
(১৭) ৫৮৯৬ , (১৮) ৮০৬০ , (১৯) ৪৪০৮৮ , (২০) ৬৬৫১৬ ,
(২১) ৪৭২০১ ।

৪। (১) ২৫০টা আম , (২) ৯৬ টাকা (৩) ১৫০০ পয়সা ,
(৪) ১২০টা গাছ , (৫) ৭৩০ টাকা , (৬) ১৪৪০ মাইল ,
(৭) ৫৭ টাকা , (৮) ২৭ টাকা , (৯) ৯২৪ ,
(১০) ৩০০০ টাকা।

প্রশ্নমালা—আট

১। ৯ , ২। ২ , ৩। ৮ , ৪। ৭ , ৫। ১৭ ,
৬। [illegible] , ৭। ৪৪ , ৮। ১৬ , ৯। ০ ১০। ১১ ,
১১। ৪৬ ১২। ৩৮ , ১৩। ১২ ১৪। ৫০ , ১৫। ১৫ ,
১৬। ৬০ ১৭। ৫৬ ১৮। ৬৮ ১৯। ১০৩ , ২০। ২৪০ ,
২১। ১০৬, ২২। ০ , ২৩। ২৫ ।

প্রশ্নমালা—নয়

১। (১) ৪ , (২) ২ , (৩) ৩ . (৪) ২ , (৫) ৫ ,
(৬) ২ , (৭) ৬ , (৮) ৭ , (৯) ২ , (১০) ৩ ,
(১১) ৬ , (১২) ৯ , (১৩) ১০ , (১৪) ৪ , (১৫) ১১ ,
(১৬) ১১ , (১৭) ৪৩ , (১৮) ১১ , (১৯) ৩৮ , (২০) ১৪ ,
(২১) ২১ , (২২) ৫০ , (২৩) ২০ , (২৪) ২৫ ।

২। (১) ২০৪ , ০ । (২) ৩৩৩ , ০ । (৩) ৪৩২ , ০ ।
(৪) ১১১ , ০ । (৫) ১০২ , ০ । (৬) ৫১ , ০ ।
(৭) ৫ , ১ । (৮) ৫ , ২ । (৯) ৭ , ২ ।
(১০) ৩ , ৮ । (১১) ৩ , ৪ । (১২) ৪ , ১ ।
(১৩) ১৪ , ৪ । (১৪) ৭ , ৫ । (১৫) ৭ , ১ ।
(১৬) ২২ ; ৩ । (১৭) ১৪ , ১ । (১৮) ৩৩ , ৩ ।
(১৯) ২৯ ; ৩ । (২০) ৬০ , ৩ । (২১) ৩৪ , ৮ ।
(২২) ২৫ , ১ । (২৩) ১৫৪ , ২ । (২৪) ১৫৫ ; ৩ ।

(২৫) ২০০ ; ১। (২৬) ৭৫ ; ৩। (২৭) ৬০ ; ৩।
(২৮) ২০ ; ৩। (২৯) ১১৬ ; ৩। (৩০) ১৩৮ ; ৪।
(৩১) ১১৩ ; ২। (৩২) ৯৪ , ৪। (৩৩) ১১৯ ; ৪।
(৩৪) ১৪৯ ; ৩। (৩৫) ২১৪ ; ২। (৩৬) ৮৭ ; ৬।

৩। (১) ১১টা। (২) ১০টা। (৩) ৫টা। (৪) ৬ জন।
(৫) ২টা বল বেশী থাকবে। (৬) ২০টা। (৭) ২০০টাকা। (৮) ৮১।

৪। (১) ২১ ; ৯ (২) ৬৭ ; ০ (৩) ৭০ ; ১০ (৪) ৩১ ; ৯
(৫) ৭৫ ; ১ (৬) ৪৪ ; ৬ (৭) ৪৭ ; ১২ (৮) ৫৬ ; ১৩
(৯) ১৯ ; ৮ (১০) ৫১ ; ৯ (১১) ৪৫ ; ৩ (১২) ৩১ ; ৯
(১৩) ৬৬ , ৮ (১৪) ৬০ ; ১২ (১৫) ২৯ , ৩ (১৬) ৬১ ; ২
(১৭) ৮ ; ১১ (১৮) ৫৬ ; ১ (১৯) ১৭ ; ০ (২০) ৮ ; ?
(২১) ২৬ , ১৫।

৫। (১) ২৭টা পাবে। ৩টা বেশী থাকবে। (২) ১২৫০ জন। (৩) ৪৪৬ টাকা।
(৪) ৫৭০ টাকা। (৫) যোগফল ১০৯৯ ; বিয়োগফল ৮৯৯।
(৬) ৪০০টা ঝুড়ি। (৭) ৭ টাকা। (৮) ১০১ ভাগফল।
(৯) ৬৫ টাকা। (১০) ৪৬ বছর। (১১) ১৪ বছর ;

৬। (১) ৬৪২৫ , (২) ১৬০৫০ , (৩) ১৬৫ ; (৪) ২৪ ; ৩ অবশিষ্ট ;
(৫) ৩১৫ ; (৬) ৫৪০ ; (৭) ১০৪ ; (৮) ১ ;
(৯) ৪৩ ; (১০) ১২।

প্রশ্নমালা—দশ

১। ৭। ২। ৬। ৩। ২৮। ৪। ১২। ৫। ৩৩।
৬। ৫৭। ৭। ৫৮। ৮। ৫। ৯। ২১। ১০। ২০৩।
১১। ১। ১২। ৫২। ১৩। ১৪। ১৪। ০। ১৫। ২।

প্রশ্নমালা—এগার

১। (১) ৫১০ প. ; (২) ১৭১৪ প. ; (৩) ১২১২ প. ;
(৪) ৭০৭০ প. ; (৫) ৩০০৩ প. ; (৬) ৫৯৩০ প. ;
(৭) ২৫০০ প. ; (৮) ৯০০৪ প. ; (৯) ৯২০৭ প. ;
(১০) ৪০২১ প. ; (১১) ২৪০০০ প. ; (১২) ৫৬০০৩ প.।

২। (১) ৪ টা. ৩ প.। (২) ৭২ টাকা।
(৩) ৮ টা. ২২ প.। (৪) ৬ টা. ২৭ প.।

(৫) কি.গ্রা. ৩·০২০ , (৬) কি.গ্রা. ৬০·০৬০ ;
(৭) কি.গ্রা. ১২·১০০ ।

৩। (১) কি.গ্রা ৬·০০০ (২) কি.গ্রা. ৫·০০০ (৩) কি.গ্রা. ৫·১২৩
(৪) কি.গ্রা. ২·০১০ (৫) কি.গ্রা. ৭·৩২০ (৬) কি.গ্রা. ৮·৮৮৮
(৭) কি.গ্রা. ২·১৩০ (৮) কি.গ্রা. ৪·৬৭৮ (৯) কি.গ্রা. ৫·৭২৩
(১০) কি.গ্রা. ৭·০০০ (১১) কি.গ্রা. ৬·৭৮০ (১২) কি.গ্রা. ২·০০০

৪। (১) ১৫০২২ গ্রাম। (২) ৩৭৪০১ গ্রাম। (৩) ২৮২৫০ গ্রাম।
(৪) ১০৫৫৭৫ গ্রাম। (৫) ৬২৭৫ গ্রাম। (৬) ১৯০৮৫ গ্রাম।
(৭) ১১৮৮৭০ গ্রাম। (৮) ২১০৬৭৯ গ্রাম। (৯) ৭৯০০৭ গ্রাম।
(১০) ৫১১০২ গ্রাম।

প্রশ্নমালা—ষোল

১। (১) ৫০ কি.গ্রা. ৮৮৪ গ্রা. , (২) ৩৪৮ কি.গ্রা. ৬৪০ গ্রা. ,
(৩) ৪০ কি.গ্রা. ৬৩৮ গ্রা. , (৪) ১৪২ কি.গ্রা. ১৮৯ গ্রা. ,
(৫) ৮৯৫ কি.গ্রা. ৭১৭ গ্রা. (৬) ২০৭ কি.গ্রা. ৩০৭ গ্রা. ,
(৭) কি.গ্রা. ৭৯·৪১৫ , (৮) কি.গ্রা. ৪৩৮·২৬২ ,
(৯) কি.গ্রা. ২৭৩·৬৯১ , (১০) কি.গ্রা. ১০৮·৮৯৭ ,

২। (১) ১০ কি.গ্রা. ৬৮০ গ্রা. , (২) ৪৩ কি.গ্রা. ১০০ গ্রা. ,
(৩) ২৯৯ কি.গ্রা. ৩২৩ গ্রা. , (৪) কি.গ্রা. ১·১৫০ ,
(৫) কি.গ্রা. ৯·৩৪৪ , (৬) কি.গ্রা. ১০·৮৭১ ।

৩। (১) কি.গ্রা. ২০৮·৫৭৯ , (২) কি.গ্রা. ৫৩৮·২২০ ।
(৩) কি.গ্রা. ৪৪·৭৩১ , (৪) কি.গ্রা. ৯১·৫৭২ ,
(৫) কি.গ্রা. ৬৫·৫২০ , (৬) কি.গ্রা. ৩০·০১৩ ,
(৭) কি.গ্রা. ১১·৩৭৩ , (৮) কি.গ্রা. ৭৫·৩১৮ ।

৪। (১) কি.গ্রা. ৯·৭০০ রইল , (২) কি.গ্রা. ৬০·৩২৩ ,
(৩) কি.গ্রা. ২৪৮·২০০ বেশী , (৪) কি.গ্রা. ১১০·৫২০ ।

প্রশ্নমালা—সতর

১। (১) ১৫০ গ্রাম , (২) ২০০ গ্রাম , (৩) ১ কিলোগ্রাম ৩৫০ গ্রাম ,
(৪) ৭ কিলোগ্রাম ৮০০ গ্রাম , (৫) ৩৬ কিলোগ্রাম ৭৫০ গ্রাম ;
(৬) ২৭০ কিলোগ্রাম ; (৭) কি.গ্রা. ৪৮০·৪৮০ ;

(৮) কি.গ্রা. ১৯২˙৫০০ , (৯) কি.গ্রা.˙৫৯২˙৫৭৫ ,
(১০) কি.গ্রা. ৬২৫˙৬২৫ , (১১) কি.গ্রা. ৬২৫৮˙০২৫ ;
(১২) কি.গ্রা. ৪৬২০˙৫৯৪ , (১৩) কি.গ্রা. ৩০৩˙০০০ ,
(১৪) কি.গ্রা. ১৬৯৩˙৬৫০ ।

২। (১) ২০ গ্রা. ; (২) ১০ গ্রা. (৩) ১০ কি.গ্রা ১৫০ গ্রা. ,
(৪) ১০ কি.গ্রা. ৩৫ গ্রা. , (৫) ১১ কি.গ্রা. ২০০ গ্রা. ,
(৬) ২ কি.গ্রা. ১২৫ গ্রা. , (৭) ১০ কি.গ্রা. ১১০ গ্রা. ;
(৮) কি.গ্রা. ৪০˙১৬০ , (৯) কি.গ্রা. ২˙০০৩ ,
(১০) কি.গ্রা. ৫.০৫০ ।

৩। (১) ৩২ কিলো. করে পাবে। (২) কি.গ্রা. ১˙৫৭৫ চাল লাগবে।
(৩) কি.গ্রা. ৫˙১০৫ ময়দা প্রতিজনে পাবে।
(৪) ৯০০ কি. গ্রা. ৯০০ গ্রা.। (৫) ১০০ কি.গ্রা. ৫০ গ্রা.।
(৬) ২৬ কি.গ্রা. ৪০০ গ্রা.। (৭) ৪ কি.গ্রা. ৪০ গ্রা. প্রত্যেকে পাবে।
(৮) ৪ কি.গ্রা.। (৯) ৭০ কি.গ্রা. ৭০০ গ্রা.।
(১০) ৪ কি.গ্রা. ১৩৬ গ্রা. জমা থাকবে।

প্রশ্নমালা—আঠার

১। (১) ৪০০০ মিটার। (২) ৩০০০ মিটার। (৩) ২৩০০ মিটার। (৪) ৪৫০০ মিটার। (৫) ৮০০৩ মিটার।

২। (১) ৪০০ সে.মি., (২) ১০০০ সে.মি. ; (৩) ৭৩০ সে.মি , (৪) ৭০২ সে.মি. ; (৫) ৫১২ সে.মি.।

৩। (১) কি.মি. ১˙৩২৫ ; (২) কি.মি. ৪˙০০০ ; (৩) কি.মি. ৭.২৫৬ ; (৪) কি.মি. ১০˙৩৪২ ; (৫) কি.মি. ৫˙৬৭১ ; (৬) কি.মি. ৭˙৮০৩ ।

প্রশ্নমালা—উনিশ

১। (১) ১৭ মি. ৭২ সে.মি. , (২) ১৮ মি. ৩৩সে.মি. ;
(৩) ১৯ মি. ৯ সে.মি ; (৪) ১৭২ কি.মি. ১৮৩ মি. ;
(৫) ১৬৩ কি.মি. ৭১ মি. ; (৬) ৭৪৯ কি.মি. ৩৮ মি.।

২। (১) ১৩ মি. ৯০ সে.মি. ; (২) ১ মি. ১০ সে.মি. ; (৩) ১৩ মি. ; ১৩ সে.মি. ; (৪) ৯ কি.মি. ১০০ মি. ; (৫) ৮ কি.মি. ১০১ মি. ; (৬) ৩১ কি.মি. ৩৪৩ মি.।

৩। (১) ৩০ মি. ৩০ সে মি. , (২) ৬০ মি. ৩০ সে.মি. ,
(৩) ১৮০ মি. ৬০ সে.মি , (৪) ৪০ কি.মি. ৫০০ মি. ,
(৫) ৯৬ কি.মি. ৩২০ মি , (৬) ২৭০ কি.মি. ১৩৫ মি.।

৪। (১) ৬ কি.মি. ১৫০ মি. , (২) ২ মি ৫ সে মি. , (৩) ১৪ মি. ১২ সে.মি. , (৪) ৫ কি.মি ৫ মি. , (৫) কি.মি ১৭·৫১৫ ,
(৬) মি. ২০·১০ , (৭) কি.মি. ৬·০০৬ , (৮) মি. ১৬·০৬।

৫। (১) ১৩৫ কি.মি.। (২) কি.মি. ২২·৪০০। (৩) কি.মি. ২৩৭·৮৮৭।
(৪) কি.মি ১২৫·০৭৫। (৫) ২৫ কি.মি ১০০ মি. পথ ১ দিনে হেঁটেছে।
(৬) ১২৫ কি.মি। (৭) ২৬০।

প্রশ্নমালা—কুড়ি

১। ১৮০ মিনিট। ২৪০০ সেকেণ্ড। ১৬৮ ঘণ্টা। ২। ১২৭৫ দিন। ৭৩০ দিন। ৩। ৩৬৫ দিন বেশী। ৪। মোট ৩ ঘণ্টা। ৫। ১ ঘণ্টা ১০ মিনিট। ৬। ৫ ঘণ্টা ৪৫ মিনিট। ৭। ২ ঘণ্টা। ৮। ১২-২০ মিনিট। ৯। ৬ ঘণ্টা ৩০ মিনিট। ১০। সকালেব দিকে ৩ ঘণ্টা ৩০ মিনিট, বিকালের দিকে ৩ ঘণ্টা ৩০ মিনিট। মোট ৭ ঘণ্টা কাজ হয।